


# ছোটদের
# সাধারণ জ্ঞান

সাধারণ জ্ঞান সিরিজ ৩





স্কুল ও মাদরাসার ৪র্থ শ্রেণির
ছাত্র-ছাত্রীদের পাঠ্য উপযোগী

# ছোটদের সাধারণ জ্ঞান

রচনা ও সংকলনে
এ. এস. এম আলাউদ্দীন
বি,এস,এস (অনার্স). এম,এস,এস. এম,এম

মোঃ আজিজুর রহমান
বি,এ. সাবেক সি,এস,এস

আবদুল মালেক পাটওয়ারী

এডুকেয়ার পাবলিকেশন্স

www.pathagar.org

**ছোটদের সাধারণ জ্ঞান**
৪র্থ শ্রেণির জন্য

**প্রকাশনায়**

**এডুকেয়ার পাবলিকেশন্স**
৩৩, নর্থব্রুক হল রোড
বাংলাবাজার, ঢাকা
ঢাকা-১১০০, ফোন : ০২৪৮৯৫১৫৮৩
মোবাইল : ০১৭৯৯৫২৫৫১৪, ০১৭১০১৪৯৯২৬
ই-মেইল : educarepub18@gmail.com
ওয়েবসাইট : www.educarepub.com

[গ্রন্থস্বত্ব : প্রকাশক কর্তৃক সংরক্ষিত ]

**প্রথম প্রকাশ:** ফেব্রুয়ারি-১৯৭৫

৮ম পুনর্মুদ্রণ :
জানুয়ারি - ২০২১ ঈসায়ি
বাংলা - ১৪২৭ বঙ্গাব্দ
রবি.সানি - ১৪৪২ হিজরি

**মূল্য ঃ ১০৬ টাকা**

**মুদ্রণে ঃ**
**কোয়ালিটি কেয়ার প্রিন্টিং**
৬/১, নয়া পল্টন, ঢাকা-১০০০



www.pathagar.org

# প্রকাশকের কথা

ইসলাম প্রত্যেক মুসলিম নারীপুরম্নষের উপর জ্ঞান অর্জন ফরজ করেছে। জ্ঞান বিজ্ঞানে মুসলমানদের অবদান অবিস্মরণীয়। জ্ঞান অপরিসীম, এর পরিধি ব্যাপক এবং বিশাল। দুনিয়ার জ্ঞান-বিজ্ঞান, ইতিহাস-ঐতিহ্যকে আমাদের জানতে হবে। ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বিষয়ের জ্ঞানে পারদর্শ করে গড়ে তুলতে হবে এবং তা শুরম্ন করতে হবে প্রাথমিক পর্যায় হতেই। এ তাকিদ থেকেই এডুকেয়ার পাবলিকেশন্স তার অন্যান্য প্রকাশনার পাশাপাশি 'সাধারণ জ্ঞান' বিষয়ে পুস্তক রচনার সিদ্ধান্ত গ্রহণ করে।

আল-হামদুলিলস্নাহ **"ছোটদের সাধারণ জ্ঞান"** বইটি আমরা প্রকাশ করতে পেরেছি। বইটির পান্ডুলিপি তৈরি করার মূল কাজটি সম্পন্ন করেন জনাব এ.এস.এম. আলাউদ্দীন, জনাব মোঃ আজিজুর রহমান ও আবদুল মালেক পাটওয়ারী। অধ্যক্ষ মুহাম্মদ মঞ্জুরম্নল হক ও জনাব মুহাম্মদ আবদুল হালিম পান্ডুলিপি দেখে মূল্যবান পরামর্শ দিয়েছেন।

বইটি রচনা করতে গিয়ে অনেক পুস্তক ও পত্র-পত্রিকার সহায়তা নেয়া হয়েছে। অনেক জ্ঞানী ও বিজ্ঞজনের পরামর্শ নেয়া হয়েছে। আমরা সবার নিকট কৃতজ্ঞ। বইখানার ব্যাপারে যে কোন পরামর্শ অথবা ভুল ত্রম্নটি পরিলক্ষিত হলে আমাদের অবহিত করার জন্য অনুরোধ করছি। বইটি ছাত্র-ছাত্রীদের জ্ঞানের পরিধি বৃদ্ধি ও আদর্শ নাগরিক হিসেবে তৈরি হতে ভূমিকা রাখতে পারলে আমাদের শ্রম সার্থক হয়েছে বলে মনে করবো।

ভবিষ্যতে আরো এ জাতীয় বই প্রকাশের জন্য আলস্নাহ-তায়ালার তাওফিক কামনা করছি। আমীন।

ড. মোঃ ইকবাল হোসাইন ভূঁইয়া
পরিচালক



www.pathagar.org

## সূচি নির্দেশিকা


| পরিচ্ছেদ | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | **প্রথম অধ্যায়** | |
| | **বাংলাদেশ** | |
| প্রথম পরিচ্ছেদ | জাতীয় পতাকা | ৭ |
| দ্বিতীয় পরিচ্ছেদ | জাতীয় বিষয় | ৮ |
| তৃতীয় পরিচ্ছেদ | অতীত ইতিহাস | ৯ |
| চতুর্থ পরিচ্ছেদ | আধুনিক যোগাযোগ | ১০ |
| পঞ্চম পরিচ্ছেদ | এক নজরে বাংলাদেশ | ১১ |
| ষষ্ঠ পরিচ্ছেদ | শিক্ষা ও শিক্ষা প্রতিষ্ঠান | ১৪ |
| সপ্তম পরিচ্ছেদ | বিভাগ ও জেলা | ১৬ |
| অষ্টম পরিচ্ছেদ | কোথায় কী জন্য বিখ্যাত? | ১৭ |
| নবম পরিচ্ছেদ | সাহিত্য কথা | ১৯ |
| দশম পরিচ্ছেদ | কে, কী? | ২১ |
| | **দ্বিতীয় অধ্যায়** | |
| | **আন্তর্জাতিক বিষয়** | |
| প্রথম পরিচ্ছেদ | দেশ-মহাদেশ | ২২ |
| দ্বিতীয় পরিচ্ছেদ | দেশ, রাজধানী ও মুদ্রা | ২৩ |
| তৃতীয় পরিচ্ছেদ | প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী | ২৭ |
| চতুর্থ পরিচ্ছেদ | কোনটি, কোথায়? | ২৮ |
| পঞ্চম পরিচ্ছেদ | তথ্য প্রযুক্তি | ৩০ |
| ষষ্ঠ পরিচ্ছেদ | খেলা ধুলা | ৩১ |
| সপ্তম পরিচ্ছেদ | পৃথিবীর প্রসিদ্ধ স্থান | ৩২ |
| অষ্টম পরিচ্ছেদ | স্মরণীয় যারা | ৩৩ |
| নবম পরিচ্ছেদ | সংগঠন, সংস্থা | ৩৫ |
| | **তৃতীয় অধ্যায়** | |
| | **বিজ্ঞানের কথা** | |
| প্রথম পরিচ্ছেদ | সৌরজগত | ৩৭ |
| দ্বিতীয় পরিচ্ছেদ | বিজ্ঞানের নানাহ্ বিষয় | ৩৮ |
| তৃতীয় পরিচ্ছেদ | আবিষ্কার ও আবিষ্কারক | ৩৯ |
| চতুর্থ পরিচ্ছেদ | কী, কেন? | ৪০ |





www.pathagar.org

# চতুর্থ অধ্যায়
## ইসলাম


| | | |
|---|---|---|
| প্রথম পরিচ্ছেদ | অর্থ, পরিচয় | ৪১ |
| দ্বিতীয় পরিচ্ছেদ | আল কুরআন | ৪২ |
| তৃতীয় পরিচ্ছেদ | আল হাদীস | ৪৪ |
| চতুর্থ পরিচ্ছেদ | ঈমান | ৪৬ |
| পঞ্চম পরিচ্ছেদ | ইবাদাত | ৪৯ |


# পঞ্চম অধ্যায়
## ইসলামের ইতিহাস


| | | |
|---|---|---|
| প্রথম পরিচ্ছেদ | নবী-রাসূল | ৫১ |
| দ্বিতীয় পরিচ্ছেদ | হযরত মুহাম্মদ (সঃ) | ৫২ |
| তৃতীয় পরিচ্ছেদ | খুলাফা-ই-রাশিদাহ্ | ৫৪ |
| চতুর্থ পরিচ্ছেদ | ইসলামী ব্যক্তিত্ব | ৫৬ |
| পঞ্চম পরিচ্ছেদ | ধর্ম ও ধর্মগ্রন্থ | ৫৭ |


# ষষ্ঠ অধ্যায়
## মুসলিম দুনিয়া


| | | |
|---|---|---|
| প্রথম পরিচ্ছেদ | ঐতিহাসিক স্থান, নিদর্শন | ৫৮ |
| দ্বিতীয় পরিচ্ছেদ | মুসলিম দেশ পরিচিতি | ৫৯ |
| তৃতীয় পরিচ্ছেদ | সংস্থা | ৬০ |


# সপ্তম অধ্যায়
## জেনে রাখা ভাল



| | | |
|---|---|---|
| প্রথম পরিচ্ছেদ | শব্দ সংক্ষেপ | ৬১ |




www.pathagar.org

# প্রথম অধ্যায়
# বাংলাদেশ

## প্রথম পরিচ্ছেদ
## জাতীয় পতাকা



জাতীয় পতাকার ছবি

প্রশ্ন ঃ আমাদের জাতীয় পতাকা কি রংয়ের ?

উত্তর ঃ রঙ ঘন সবুজ। রঙের উপর উদীয়মান সূর্যের একটি লাল বৃত্ত আঁকা।

প্রশ্ন ঃ আমাদের জাতীয় পতাকার তাৎপর্য কী ?

উত্তর ঃ উজ্জ্বল ঘন সবুজের মাঝখানের লাল বৃত্তটি বহু রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীনতার নতুন সূর্যের প্রদীপ্ত প্রতীক। সবুজ জমিন তারুণ্যের উদ্দীপনা ও গ্রাম-বাংলার বিস্তৃত চির সবুজ প্রকৃতির প্রতীক।

প্রশ্ন ঃ বাংলাদেশের জাতীয় পতাকা কে অংকন করেন ?

উত্তর ঃ শিল্পী কামরুল হাসান।

প্রশ্ন ঃ জাতীয় পতাকা কখন ওড়াতে এবং কখন নামাতে হয় ?

উত্তর ঃ ভোর ৭টার মধ্যে ওড়াতে হয় এবং বিকেল ৫টায় নামাতে হয়।

প্রশ্ন ঃ জাতীয় পতাকা কখন অর্ধ-নমিত রাখা হয় ?



www.pathagar.org

উত্তর ঃ রাষ্ট্রীয় কোন শোকাবহ ঘটনার দিন।

প্রশ্ন ঃ জাতীয় পতাকার সরকার অনুমোদিত মাপ কী ?

উত্তর ঃ ভবনের জন্য
৩০৫ সে.মি. × ১৮৩ সে.মি. (১০ ফুট × ৬ ফুট)
১৫২ সে.মি. × ৯১ সে.মি (৫ ফুট × ৩ ফুট)
৭৬ সে.মি. × ৪৬ সে.মি. (২ ফুট × ২ ফুট)
গাড়ির জন্য
৩৮ সে.মি. × ২২ সে.মি. (১৫ ইঞ্চি × ৯ ইঞ্চি)
২৫ সে.মি. × ১৫ সে.মি. (১০ ইঞ্চি × ৬ ইঞ্চি)

# দ্বিতীয় পরিচ্ছেদ
# জাতীয় বিষয়

প্রশ্ন ঃ বাংলাদেশের জাতীয় মসজিদ কোনটি ?

উত্তর ঃ বায়তুল মুকাররম মসজিদ।

প্রশ্ন ঃ বাংলাদেশের জাতীয় প্রতীক কি রূপ ?

উত্তর ঃ ভাসমান শাপলা ফুলের দু'পাশে ধানের শীষ, উপরে ৩টি পাতাযুক্ত পাটকান্ড ও তার উভয় পার্শ্বে দু'টি করে তারকা।

প্রশ্ন ঃ বাংলাদেশের জাতীয় ফুলের নাম কী ?

উত্তর ঃ শাপলা।

প্রশ্ন ঃ বাংলাদেশের জাতীয় ফলের নাম কী ?

উত্তর ঃ কাঁঠাল।

প্রশ্ন ঃ বাংলাদেশের জাতীয় পাখির নাম কী ?

উত্তর ঃ দোয়েল।

প্রশ্ন ঃ বাংলাদেশের জাতীয় পশুর নাম কী ?

উত্তর ঃ রয়্যাল বেঙ্গল টাইগার।

প্রশ্ন ঃ বাংলাদেশের জাতীয় মাছের নাম কী ?

উত্তর ঃ ইলিশ।

প্রশ্ন ঃ বাংলাদেশের জাতীয় বনের নাম কী ?

উত্তর ঃ সুন্দরবন।

প্রশ্ন ঃ বাংলাদেশের জাতীয় উদ্যানের নাম কী ?

উত্তর ঃ সোহরাওয়ার্দী উদ্যান, ঢাকা।

প্রশ্ন ঃ বাংলাদেশের জাতীয় কবির নাম কী ?

উত্তর ঃ কাজী নজরুল ইসলাম।

প্রশ্ন ঃ বাংলাদেশের রাষ্ট্র ভাষার নাম কী ?

উত্তর ঃ বাংলা ভাষা।

প্রশ্ন ঃ বাংলাদেশের অধিবাসীদের জাতীয়তা কী ?

উত্তর ঃ বাংলাদেশী।



www.pathagar.org

প্রশ্ন : বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি কয়টি ও কী কী?
উত্তর : ৪টি, যথা-(১) জাতীয়তাবাদ (২) গণতন্ত্র (৩) সমাজতন্ত্র ও (৪) ধর্মনিরপেক্ষতা।
প্রশ্ন : বাংলাদেশের জাতীয় শিশুপার্ক কোথায় অবস্থিত ?
উত্তর : শাহবাগ, ঢাকা।
প্রশ্ন : বাংলাদেশের জাতীয় স্মৃতিসৌধ কোথায় অবস্থিত?
উত্তর : সাভার, ঢাকা।

# তৃতীয় পরিচ্ছেদ
# অতীত ইতিহাস

প্রশ্ন : মুহাম্মদ বিন কাশিমের আগমনের সময় সিন্ধু অঞ্চলের রাজার নাম কি ছিল ?
উত্তর : রাজা দাহির।
প্রশ্ন : বঙ্গ বিজয়ী মুসলিম বীরের নাম কী ?
উত্তর : ইখতিয়ার উদ্দীন মুহাম্মদ বিন বখতিয়ার খিলজী।
প্রশ্ন : তিনি কাকে পরাজিত করেন ?
উত্তর : গৌড়ের অধিপতি রাজা লক্ষণ সেনকে।
প্রশ্ন : কোন মুসলিম শাসক সর্বপ্রথম বাংলার স্বাধীনতা ঘোষণা করেন ?
উত্তর : ফখরুদ্দীন মুবারক শাহ।
প্রশ্ন : সুলতানী আমলে বাংলার রাজধানী কোথায় ছিল ?
উত্তর : সোনার গাঁ।
প্রশ্ন : কখন ঢাকায় বাংলার রাজধানী স্থাপিত হয় ?
উত্তর : মোঘল সম্রাট জাহাঙ্গীরের আমলে।
প্রশ্ন : ঢাকার পরিবর্তে "জাহাঙ্গীর নগর" নামকরণ করেন কে ?
উত্তর : সুবেদার ইসলাম খাঁ।
প্রশ্ন : বাংলার শেষ স্বাধীন নবাব কে ?
উত্তর : নবাব সিরাজ-উ-দ্দৌলা।
প্রশ্ন : কখন কোন যুদ্ধে বাংলার স্বাধীনতা হরণ করা হয় ?
উত্তর : ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে।
প্রশ্ন : ইসলাম প্রচারকগণ কখন বাংলাদেশে আসেন ?
উত্তর : হযরত ওমর (রা) এর শাসন আমলের শেষের দিকে।
প্রশ্ন : ইংরেজরা কত বছর এদেশ শাসন করেন ?
উত্তর : প্রায় দু'শ বছর।
প্রশ্ন : ইংরেজ আমলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় কারা ?
উত্তর : এ.এন. হামিদুল্লাহ।



www.pathagar.org

উত্তর ঃ বাংলার মুসলমান সম্প্রদায়।
প্রশ্ন ঃ ইংরেজরা কখন এদেশ ত্যাগ করে এবং পাকিস্তান স্বাধীনতা লাভ করে?
উত্তর ঃ ১৯৪৭ সালের ১৪ আগস্ট।
প্রশ্ন ঃ ২১ ফেব্রুয়ারি কেন স্মরণীয় ?
উত্তর ঃ ২১ ফেব্রুয়ারী ভাষা দিবস হিসেবে পালিত হয়। ১৯৫২ সালের এদিনে রাষ্ট্র ভাষা বাংলা করার দাবীতে ঢাকার রাজপথে পুলিশের গুলিতে কয়েকজন বিক্ষোভকারী শহীদ হন।
প্রশ্ন ঃ বাংলাদেশে সর্বপ্রথম সংবিধান চালু হয় কখন ?
উত্তর ঃ ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর।
প্রশ্ন ঃ বাংলাদেশে কখন একদলীয় শাসন (বাকশাল) কায়েম হয় ?
উত্তর ঃ ১৯৭৫ সালের ২৫ জানুয়ারি।
প্রশ্ন ঃ মরহুম শেখ মুজিবুর রহমান কখন সপরিবারে নিহত হন ?
উত্তর ঃ ১৯৭৫ সালের ১৫ আগস্ট।
প্রশ্ন ঃ মেজর জেনারেল জিয়াউর রহমান কখন রাষ্ট্রপতি হন ?
উত্তর ঃ ৩ জুন, ১৯৭৮ সালে।
প্রশ্ন ঃ তিনি কখন ও কোথায় নিহত হন ?
উত্তর ঃ ১৯৮১ সালের ৩০ মে, চট্টগ্রাম সার্কিট হাউজে।
প্রশ্ন ঃ জেনারেল হুসাইন মুহাম্মদ এরশাদ কখন ক্ষমতা দখল করেন ?
উত্তর ঃ ১৯৮২ সালের ২৪ মার্চ।
প্রশ্ন ঃ জেনারেল এরশাদ কখন গণঅভ্যুত্থানে পদচ্যুত হন ?
উত্তর ঃ ৬ ডিসেম্বর, ১৯৯০ সালে।
প্রশ্ন ঃ বেগম খালেদা জিয়া প্রথম বারের মত কখন বাংলাদেশের প্রধানমন্ত্রী হন ?
উত্তর ঃ ১৯৯১ সালে।
প্রশ্ন ঃ শেখ হাসিনা প্রথমবার কখন বাংলাদেশের প্রধানমন্ত্রী হন ?
উত্তর ঃ ১৯৯৬ সালের ২৩ জুন।
প্রশ্ন ঃ শেখ হাসিনা চতুর্থবারের মত কখন বাংলাদেশের প্রধানমন্ত্রী হন ?
উত্তর ঃ ৩০ জানুয়ারি, ২০১৯ সালে।
প্রশ্ন ঃ বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে ?
উত্তর ঃ শেখ মুজিবুর রহমান।
প্রশ্ন ঃ বাংলাদেশের জাতীয় সংসদের প্রথম স্পীকার কে ?
উত্তর ঃ মোহাম্মদ উল্লাহ।
প্রশ্ন ঃ বাংলাদেশের প্রথম প্রধান বিচারপতি কে ?
উত্তর ঃ এ.এস.এম. সায়েম।
প্রশ্ন ঃ বাংলাদেশ ব্যাংকের প্রথম গভর্নর কে ?
প্রশ্ন ঃ বাংলাদেশের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন ?
উত্তর ঃ জেনারেল (অবঃ) এম.এ.জি. ওসমানী।



www.pathagar.org

# চতুর্থ পরিচ্ছেদ
## ভূ-উপগ্রহ কেন্দ্র

প্রশ্ন ঃ ভূ-উপগ্রহ কেন্দ্র কী?
উত্তর ঃ আন্তর্জাতিক টেলিযোগাযোগ মাধ্যম।

প্রশ্ন ঃ বাংলাদেশে কয়টি ভূ-উপগ্রহ কেন্দ্র রয়েছে।

উত্তর ঃ ৪টি।

প্রশ্ন ঃ বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহের নাম কী?

উত্তর ঃ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ (বিএস-১)।

প্রশ্ন ঃ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কবে উৎক্ষেপন করা হয়?

উত্তর ঃ বাংলাদেশ সময় ১২ মে দুপুর ২টা ১৪ মিনিটে।

## সাবমেরিন ক্যাবল

প্রশ্ন ঃ বাংলাদেশে সাবমেরিন ক্যাবলের সাথে যুক্ত হয় কবে?

উত্তর ঃ ২১ মে ২০০৬ সালে।

প্রশ্ন ঃ সাবমেরিন ক্যাবল ব্যবহৃত হয় কোন কাজে?

উত্তর ঃ ইন্টারনেট সংযোগে।

প্রশ্ন ঃ সাবমেরিন ক্যাবলের দৈর্ঘ কত?

উত্তর ঃ ২২০০০কিলোমিটার।

প্রশ্ন ঃ বাংলাদেশ দ্বিতীয় সাবমেরিন ক্যাবলে যুক্ত হয় কবে?

উত্তর ঃ ২১ ফেব্রুয়ারি, ২০১৭ সালে।
প্রশ্ন ঃ দ্বিতীয় সাবমেরিন ক্যাবলের দৈর্ঘ্য কত?
উত্তর ঃ ৩০০০০ কিলোমিটার।



www.pathagar.org

# পঞ্চম পরিচ্ছেদ
# এক নজরে বাংলাদেশ

প্রশ্ন ঃ বাংলাদেশের সাংবিধানিক নাম কী ?
উত্তর ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।
প্রশ্ন ঃ বাংলাদেশের সীমা কি ?
উত্তর ঃ উত্তরে ভারতের জলপাইগুড়ি ও আসাম, পূর্বে আসাম ও ত্রিপুরা রাজ্য, দক্ষিণ পূর্বে মায়ানমার (বার্মা), পশ্চিমে পশ্চিম বঙ্গ ও বিহার এবং দক্ষিণে বঙ্গোপসাগর।
প্রশ্ন ঃ বাংলাদেশের আয়তন কত ?
উত্তর ঃ ৫৬,৯৭৭ বর্গমাইল বা ১,৪৭,৫৭০ বর্গ কি.মি.।
প্রশ্ন ঃ বাংলাদেশের লোকসংখ্যা কত ?
উত্তর ঃ ১৫ কোটি ২৫ লাখ ১৮ হাজার (সর্বশেষ আদমশুমারী অনুযায়ী)।
প্রশ্ন ঃ বাংলাদেশে কয়টি বিভাগ আছে ও কী কী?
উত্তর ঃ ৮টি বিভাগ- যথাঃ ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও ময়মনসিংহ ।
প্রশ্ন ঃ বাংলাদেশে কয়টি জেলা ?
উত্তর ঃ ৬৪টি।
প্রশ্ন ঃ উপজেলা কয়টি ?
উত্তর ঃ ৪৯২টি।
প্রশ্ন ঃ থানা কয়টি ?
উত্তর ঃ ৬৪১টি।
প্রশ্ন ঃ ইউনিয়ন পরিষদ কয়টি ?
উত্তর ঃ ৪,৫৫৪টি।
প্রশ্ন ঃ পৌরসভা কয়টি?
উত্তর ঃ ৩২৭টি।
প্রশ্ন ঃ বাংলাদেশের মূল্যবান সম্পদ কী কী ?
উত্তর ঃ পাট, চা, চামড়া, ধান, প্রাকৃতিক গ্যাস, সুন্দরবনের কাঠ ও মধু।
প্রশ্ন ঃ বাংলাদেশ কোন মহাদেশে অবস্থিত?
উত্তর ঃ এশিয়া মহাদেশে।
প্রশ্ন ঃ বাংলাদেশের সবচেয়ে বড় জেলা কোনটি ?
উত্তর ঃ রাঙামাটি পার্বত্য জেলা।



www.pathagar.org

প্রশ্ন ঃ সবচেয়ে ছোট জেলা কোনটি ?
উত্তর ঃ মেহেরপুর।

প্রশ্ন ঃ বাংলাদেশে কোন কোন উপজাতি বাস করে ?
উত্তর ঃ প্রধানত- চাকমা, মারমা, টিপরা, মুরং, গারো, সাঁওতাল প্রভৃতি উপজাতি।

প্রশ্ন ঃ বাংলাদেশের সর্ব উত্তরে এবং সর্ব দক্ষিণে কোন জায়গা অবস্থিত ?
উত্তর ঃ সর্ব উত্তরে পঞ্চগড় জেলার তেঁতুলিয়া এবং সর্ব দক্ষিণে কক্সবাজার জেলার টেকনাফ।

প্রশ্ন ঃ বাংলাদেশের প্রধান নদ-নদীগুলো কী কী ?
উত্তর ঃ পদ্মা, মেঘনা, যমুনা, ব্রহ্মপুত্র, সুরমা, বুড়িগঙ্গা, শীতলক্ষা, মাতামুহুরী ও কর্ণফুলী।

প্রশ্ন ঃ বাংলাদেশের সমুদ্র বন্দর কয়টি ও কোথায় ?
উত্তর ঃ ৩টি। যথা চট্টগ্রাম, মংলা ও পায়রা সমূদ্র বন্দর।

প্রশ্ন ঃ কোনটি কোথায় অবস্থিত?
উত্তর ঃ প্রথমটি চট্টগ্রামে কর্ণফুলীর নদীর তীরে, দ্বিতীয়টি পশুর নদীর তীরে মংলায়, বাগেরহাট জেলায় এবং তৃতীয়টি কলাপাড়া পটুয়াখালি।

প্রশ্ন ঃ বাংলাদেশের প্রধান নদী বন্দর কয়টি ও কি কি ?
উত্তর ঃ ১১টি, যথাঃ নারায়ণগঞ্জ, চাঁদপুর, গোয়ালন্দ, পাটুরিয়া, আরিচা, ভৈরব, খুলনা, বরিশাল, ঝালকাঠি, মাওয়া, চিলমারী।

প্রশ্ন ঃ বাংলাদেশে পূর্ণাঙ্গ টেলিভিশন কেন্দ্র কয়টি ?
উত্তর ঃ ২টি, রামপুরা, ঢাকা এবং চট্টগ্রাম।

প্রশ্ন ঃ বাংলাদেশের টেলিভিশন উপ-কেন্দ্র কোথায় কোথায় অবস্থিত ?
উত্তর ঃ সিলেট, চট্টগ্রাম, ময়মনসিংহ, রংপুর, নাটোর, সাতক্ষীরা, রাঙামাটি, কক্সবাজার, নোয়াখালী, খুলনা, ঝিনাইদহ, ঠাকুরগাঁও, পটুয়াখালী ও বি-বাড়িয়া।

প্রশ্ন ঃ বাংলাদেশের কোথায় কোথায় বেতার কেন্দ্র আছে ?
উত্তর ঃ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, খুলনা, সিলেট, কুমিল্লা, ঠাকুরগাঁও, রাঙামাটি, বান্দরবান, কক্সবাজার ও বরিশাল।

প্রশ্ন ঃ বাংলাদেশের ভূ-উপগ্রহ কেন্দ্র কয়টি ?
উত্তর ঃ ৩টি, যথা- বেতবুনিয়া, তালিবাবাদ ও মহাখালী।

প্রশ্ন ঃ বাংলাদেশে আন্তর্জাতিক বিমানবন্দর কয়টি ও কোথায় ?
উত্তর ঃ ৩টি, যথা- ঢাকা, চট্টগ্রাম ও সিলেট।



www.pathagar.org

প্রশ্ন : প্রধান আন্তর্জাতিক বিমানবন্দরের নাম কী ?
উত্তর : হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর।
প্রশ্ন : বাংলাদেশে আর কোথায় এবং কয়টি বিমানবন্দর আছে ?
উত্তর : ৭টি, যথা- যশোর, রাজশাহী, সৈয়দপুর, ঈশ্বরদী, ঠাকুরগাঁও, কক্সবাজার ও বরিশাল।
প্রশ্ন : বাংলাদেশের প্রধান রেলওয়ে কারখানা কোথায় ?
উত্তর : পাহাড়তলী, চট্টগ্রামে।
প্রশ্ন : বাংলাদেশের বৃহৎ রেল-স্টেশনের নাম কী ?
উত্তর : কমলাপুর রেলওয়ে স্টেশন, ঢাকা।
প্রশ্ন : বাংলাদেশে প্রধানত কি কি শস্য উৎপন্ন হয় ?
উত্তর : ধান, পাট, গম, তামাক, চা, ডাল, ইক্ষু, পান প্রভৃতি।
প্রশ্ন : বাংলাদেশের কোন জেলাকে শস্যভান্ডার বলা হয় ?
উত্তর : বরিশাল জেলাকে।
প্রশ্ন : বাংলাদেশের কোথায় কোথায় চা উৎপন্ন হয় ?
উত্তর : (১) সিলেট অঞ্চল (২) চট্টগ্রাম অঞ্চল (৩) পার্বত্য চট্টগ্রাম অঞ্চল (৪) কুমিল্লা অঞ্চল।
প্রশ্ন : বাংলাদেশের খনিজ দ্রব্য কী কী ?
উত্তর : চুনাপাথর, প্রাকৃতিক গ্যাস, কয়লা, কাঁচাবালি, চীনামাটি ইত্যাদি।
প্রশ্ন : বাংলাদেশের কোথায় খনিজ তৈল পাওয়া যায় ?
উত্তর : হরিপুর, সিলেটে।
প্রশ্ন : বাংলাদেশের প্রাকৃতিক গ্যাস কোথায় কোথায় পাওয়া যায় ?
উত্তর : সিলেট, ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, ফেনী, ভোলা, গাজীপুর ও নোয়াখালী।
প্রশ্ন : বাংলাদেশের প্রধান প্রধান বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র কোথায় কোথায় অবস্থিত ?
উত্তর : পার্বত্য চট্টগ্রামের কাপ্তাই, আশুগঞ্জ, সিলেটের শাহজি বাজার, সিদ্ধিরগঞ্জ, ঘোড়াশাল, গোয়াল পাড়া ও ভেড়ামারায়।
প্রশ্ন : বাংলাদেশে সার কারখানা কয়টি এবং কোথায় অবস্থিত ?
উত্তর : ১০টি। যথা- ঘোড়াশাল, আশুগঞ্জ, ফেঞ্চুগঞ্জ-৩টি, আনোয়ারা চট্টগ্রাম, পতেঙ্গা, নাটোর, পলাশ, জামালপুর।
প্রশ্ন : বাংলাদেশের সামরিক সদর দপ্তর কোথায় ?
উত্তর : কুর্মিটোলা ক্যান্টনমেন্ট, ঢাকা।
প্রশ্ন : বাংলাদেশের পুলিশ প্রশিক্ষণ কেন্দ্র কোথায় ?
উত্তর : রাজশাহী জেলার “সারদা” নামক স্থানে।



www.pathagar.org

# ষষ্ঠ পরিচ্ছেদ

# শিক্ষা ও শিক্ষা প্রতিষ্ঠান

প্রশ্ন ঃ আল কুরআনের প্রথম নির্দেশ কি ?
উত্তর ঃ 'ইকরা', অর্থ পড়।
প্রশ্ন ঃ বাংলাদেশে পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংখ্যা কত ?
উত্তর ঃ ৪৫টি।
প্রশ্ন ঃ বাংলাদেশে বেসরকারি বিশ্ববিদ্যালয় কতটি ?
উত্তর ঃ ১০৩টি।
প্রশ্ন ঃ বাংলাদেশে মেডিকেল কলেজ (সরকারী) কয়টি ?
উত্তর ঃ ৩৮টি।
প্রশ্ন ঃ বাংলাদেশে বেসরকারী মেডিকেল কলেজ কয়টি ?
উত্তর ঃ ৭১টি।
প্রশ্ন ঃ বাংলাদেশে সরকারী ইসলামী বিশ্ববিদ্যালয় কয়টি এবং কোথায় অবস্থিত ?
উত্তর ঃ ১টি, কুষ্টিয়ায়।
প্রশ্ন ঃ বাংলাদেশে প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কয়টি ?
উত্তর ঃ ৫টি।
প্রশ্ন ঃ বাংলাদেশে সরকারী কৃষি বিশ্ববিদ্যালয় কয়টি ?
উত্তর ঃ ৪টি।
প্রশ্ন ঃ বাংলাদেশে মেডিকেল বিশ্ববিদ্যালয় কয়টি ?
উত্তর ঃ ৪টি।
প্রশ্ন ঃ কোন বিভাগে শিক্ষার হার বেশি ?
উত্তর ঃ বরিশাল।
প্রশ্ন ঃ কোন বিভাগে শিক্ষার হার সবচেয়ে কম ?
উত্তর ঃ সিলেট।
প্রশ্ন ঃ কোন জেলায় শিক্ষার হার বেশি ?
উত্তর ঃ ঢাকা- ৭০.৫%, (আদমশুমারী -২০১১)
প্রশ্ন ঃ কোন জেলায় শিক্ষার হার কম ?
উত্তর ঃ সুনামগঞ্জ।
প্রশ্ন ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয় ?
উত্তর ঃ ১৯২১ সালে।
প্রশ্ন ঃ বাংলাদেশে সর্ববৃহৎ বিশ্ববিদ্যালয় কোনটি ?
উত্তর ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়।



www.pathagar.org

প্রশ্ন ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয় ?
উত্তর ঃ ১৯৫৩ সালে।
প্রশ্ন ঃ বাংলাদেশে প্রথম প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয় কখন প্রতিষ্ঠিত হয় এবং কোথায় অবস্থিত ?
উত্তর ঃ ১৯৬১ সালে, ঢাকায় অবস্থিত।
প্রশ্ন ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত ?
উত্তর ঃ মোমেনশাহীতে।
প্রশ্ন ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয় ?
উত্তর ঃ ১৯৬৬ সালে।
প্রশ্ন ঃ সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয় ?
উত্তর ঃ ১৯৯১ সালে।
প্রশ্ন ঃ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত ?
উত্তর ঃ গাজীপুরে।
প্রশ্ন ঃ জাতীয় বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত ?
উত্তর ঃ গাজীপুরে।
প্রশ্ন ঃ বাংলাদেশের একমাত্র মেরিন একাডেমি কোথায় অবস্থিত ?
উত্তর ঃ চট্টগ্রামে।
প্রশ্ন ঃ বাংলাদেশে ক্যাডেট কলেজ কয়টি ?
উত্তর ঃ ১২টি।
প্রশ্ন ঃ বাংলাদেশে সরকারি আলীয়া মাদরাসা কয়টি ?
উত্তর ঃ ৩টি। যথা- মাদরাসা-ই-আলীয়া, ঢাকা, সিলেট সরকারী আলীয়া মাদরাসা, সিলেট, বগুড়া মোস্তফাবিয়া আলীয়া মাদরাসা, বগুড়া।
প্রশ্ন ঃ বাংলাদেশে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কয়টি এবং কোথায় কোথায় অবস্থিত ?
উত্তর ঃ ৯টি, যথা- ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, যশোর, কুমিল্লা, সিলেট, বরিশাল, দিনাজপুর ও ময়মনসিংহ।
প্রশ্ন ঃ বাংলাদেশে কারিগরি শিক্ষা বোর্ড কয়টি এবং কোথায় অবস্থিত ?
উত্তর ঃ ১টি, ঢাকায়।
প্রশ্ন ঃ বাংলাদেশে মাদরাসা শিক্ষা বোর্ড কয়টি এবং কোথায় ?
উত্তর ঃ ১টি, ঢাকায়।
প্রশ্ন ঃ ইসলামী শিক্ষা কী ?
উত্তর ঃ কুরআন ও সুন্নাহ্‌র আলোকে প্রদত্ত শিক্ষাই ইসলামী শিক্ষা।



www.pathagar.org

# সপ্তম পরিচ্ছেদ
# বিভাগ ও জেলা

বাংলাদেশের প্রশাসনিক কর্মকান্ড পরিচালনার লক্ষ্যে দেশটিকে নিম্নোক্ত ৮টি বিভাগে বিভক্ত করা হয়েছে।

## ১। ঢাকা বিভাগ

### অধীনস্থ জেলাগুলোর নাম ঃ

১। ঢাকা ২। নারায়ণগঞ্জ ৩। মুন্সিগঞ্জ ৪। মানিকগঞ্জ ৫। নরসিংদী ৬। গাজীপুর ৭। কিশোরগঞ্জ ৮। টাঙ্গাইল ৯। ফরিদপুর ১০। মাদারীপুর ১১। শরীয়তপুর ১২। রাজবাড়ী ও ১৩। গোপালগঞ্জ।

## ২। চট্টগ্রাম বিভাগ

### অধীনস্থ জেলাগুলোর নাম ঃ

১। চট্টগ্রাম, ২। রাঙ্গামাটি, ৩। বান্দরবান, ৪। খাগড়াছড়ি, ৫। কক্সবাজার, ৬। ফেনী, ৭। নোয়াখালী, ৮। লক্ষ্মীপুর, ৯। কুমিল্লা, ১০। চাঁদপুর ও ১১। ব্রাহ্মণবাড়িয়া।

## ৩। রাজশাহী বিভাগ

### অধীনস্থ জেলাগুলোর নাম ঃ

১। রাজশাহী, ২। নওয়াবগঞ্জ, ৩। নাটোর, ৪। নওগাঁ, ৫। পাবনা,
৬। সিরাজগঞ্জ, ৭। বগুড়া ও ৮। জয়পুরহাট।

## ৪। রংপুর বিভাগ

### অধীনস্থ জেলাগুলোর নাম ঃ

১। রংপুর, ২। কুড়িগ্রাম, ৩। গাইবান্ধা, ৪। লালমনিরহাট, ৫। নীলফামারী,
৬। দিনাজপুর, ৭। ঠাকুরগাঁও ও ৮। পঞ্চগড়।



www.pathagar.org

## ৫। খুলনা বিভাগ

### অধীনস্থ জেলাগুলোর নাম ঃ

১। খুলনা, ২। বাগেরহাট, ৩। সাতক্ষীরা, ৪। যশোর, ৫। মাগুরা, ৬। ঝিনাইদহ, ৭। নড়াইল, ৮। কুষ্টিয়া, ৯। মেহেরপুর ও ১০। চুয়াডাঙ্গা।

## ৬। বরিশাল বিভাগ

### অধীনস্থ জেলাগুলোর নাম ঃ

১। বরিশাল, ২। ঝালকাঠি, ৩। পিরোজপুর, ৪। পটুয়াখালী, ৫। বরগুনা ও ৬। ভোলা।

## ৭। সিলেট বিভাগ

### অধীনস্থ জেলাগুলোর নাম ঃ

১। সিলেট, ২। সুনামগঞ্জ, ৩। হবিগঞ্জ ও ৪। মৌলভীবাজার।

## ৭। ময়মনসিংহ বিভাগ

### অধীনস্থ জেলাগুলোর নাম ঃ

১। ময়মনসিংহ ২। জামালপুর , ৩। নেত্রকোনা ৪। শেরপুর।

# অষ্টম পরিচ্ছেদ

# কোথায় কী জন্য বিখ্যাত

ঢাকা ঃ ঢাকা বাংলাদেশের রাজধানী, বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত। ঢাকায় দর্শনীয় স্থানের মধ্যে উলেস্নখযোগ্য হচ্ছে বায়তুল মুকাররম জাতীয় মসজিদ, জাতীয় যাদুঘর, ঢাকা বিশ্ববিদ্যালয়, শিশু পার্ক, শহীদ মিনার, স্টেডিয়াম, চিড়িয়াখানা, জাতীয় সংসদ ভবন, আহসান মঞ্জিল, হোসেনী দালান, সাভার জাতীয় স্মৃতিসৌধ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, লালবাগের কেলস্নাপ্রভৃতি।

খুলনা ঃ বিভাগীয় শহর; নিউজপ্রিন্ট মিল, জাহাজ নির্মাণ কারখানা ও সুন্দরবনের জন্য বিখ্যাত।

চট্টগ্রাম ঃ বঙ্গোপসাগরের উপকূলে কর্ণফুলি নদীর তীরে অবস্থিত বাংলাদেশের বৃহত্তম সামুদ্রিক বন্দর।



www.pathagar.org

| | | |
|---|---|---|
| রাজশাহী | ঃ | বিভাগীয় শহর; এখানে একটি বিশ্ববিদ্যালয় আছে। আম চাষের জন্য বিখ্যাত। |
| শান্তিডাঙ্গা | ঃ | কুষ্টিয়াপ জেলায়, ইসলামী বিশ্ববিদ্যালয়ের জন্য বিখ্যাত। |
| ছাতক | ঃ | সুনামগঞ্জ জেলায় অবস্থিত; সিমেন্ট কারখানার জন্য বিখ্যাত। |
| আখাউড়া | ঃ | ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন; সার কারখানা ও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের জন্য বিখ্যাত। |
| কক্সবাজার | ঃ | বঙ্গোপসাগরের তীরে অবস্থিত; এটি একটি স্বাস্থ্যকর স্থান ও পর্যটন কেন্দ্র এবং বিশ্বের বৃহত্তম সমুদ্র সৈকত। |
| কাপ্তাই | ঃ | রাংগামাটি জেলায় অবস্থিত; বাংলাদেশের বৃহত্তম পানি বিদ্যুৎ কেন্দ্রের জন্য বিখ্যাত। |
| কুমিল্লা | ঃ | সেনানিবাস ও বাংলাদেশের পল্লীউন্নয়ন একাডেমীর জন্য বিখ্যাত। |
| ঘোড়াশাল | ঃ | শীতলক্ষ্যা নদীর তীরে অবস্থিত; সার কারখানা ও তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের জন্য বিখ্যাত। |
| চন্দ্রঘোনা | ঃ | কর্ণফুলি নদীর তীরে অবস্থিত; বাংলাদেশের সর্ববৃহৎ কাগজের কলের জন্য বিখ্যাত। |
| মংলা | ঃ | পশুর নদীর তীরে অবস্থিত; বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম সামুদ্রিক বন্দর। |
| চাঁদপুর | ঃ | মেঘনা নদীর তীরে অবস্থিত; বিখ্যাত নদী বন্দর। ইলিশ মাছের জন্য বিখ্যাত। |
| দর্শনা | ঃ | চুয়াডাঙ্গা জেলায় অবস্থিত; চিনি ও স্পিরিট কারখানার জন্য বিখ্যাত। |
| নারায়ণগঞ্জ | ঃ | শীতলক্ষ্যা নদীর তীরে অবস্থিত; বাংলাদেশের বৃহত্তম নদী বন্দর, পাট শিল্পের জন্য বিখ্যাত। |
| পতেঙ্গা | ঃ | চট্টগ্রামে অবস্থিত; আবহাওয়ার পূর্বাভাষ কেন্দ্রের জন্য বিখ্যাত। |
| পাহাড়তলী | ঃ | চট্টগ্রাম জেলায় অবস্থিত; বাংলাদেশ রেলওয়ের প্রধান কারখানা, রেল ইঞ্জিন ও বগী সংযোজন কারখানার জন্য বিখ্যাত। |
| ফেঞ্চুগঞ্জ | ঃ | সিলেট জেলায় অবস্থিত এবং সার কারখানার জন্য বিখ্যাত। |
| বেতবুনিয়া | ঃ | চট্টগ্রামে অবস্থিত ও ভূ-উপগ্রহ কেন্দ্রের জন্য বিখ্যাত। |
| ভৈরব বাজার | ঃ | মেঘনা নদীর তীরে অবস্থিত। একটি বাণিজ্য কেন্দ্র এবং রেলওয়ে জংশনের জন্য বিখ্যাত। |



www.pathagar.org

| | | |
|---|---|---|
| ময়নামতি | ঃ | কুমিল্লায় অবস্থিত; প্রাচীন বৌদ্ধ সভ্যতার নিদর্শনের জন্য বিখ্যাত। |
| সারদা | ঃ | রাজশাহী জেলায় অবস্থিত। পুলিশ প্রশিক্ষণ কেন্দ্রের জন্য বিখ্যাত। |
| সোনারগাঁ | ঃ | ঢাকার অদূরে অবস্থিত; প্রাচীন বাংলার রাজধানী। |
| রাঙ্গামাটি | ঃ | চাকমা রাজার বাসস্থান; প্রাকৃতিক সৌন্দর্যের জন্য বিখ্যাত। |
| ফৌজদারহাট | ঃ | বাংলাদেশের প্রথম ক্যাডেট কলেজ। |
| হেমায়েতপুর | ঃ | পাবনায় অবস্থিত; মানসিক রোগের চিকিৎসালয়ের জন্য বিখ্যাত। |
| ভাটিয়ারী | ঃ | চট্টগ্রামে অবস্থিত; মিলিটারী ট্রেনিং একাডেমির জন্য বিখ্যাত। |
| বাগেরহাট | ঃ | হযরত খান জাহান আলী (রহঃ) এর মাজার, ষাট গম্বুজ মসজিদের জন্য বিখ্যাত। |
| সিলেট | ঃ | বিভাগীয় শহর; হযরত শাহজালাল (রহঃ) এর মাজার ও চা বাগানের জন্য বিখ্যাত। |
| বরিশাল | ঃ | কীর্তনখোলা নদীর তীরে অবস্থিত। অন্যতম নদী বন্দর। |

# নবম পরিচ্ছেদ
# সাহিত্য কথা

প্রশ্ন ঃ মধ্যযুগের প্রধান কবি কে ?
উত্তর ঃ আলাওল।
প্রশ্ন ঃ 'বিশ্বনবী' গ্রন্থের লেখক কে ?
উত্তর ঃ গোলাম মোস্তফা।
প্রশ্ন ঃ অনল প্রবাহের কবির নাম বল।
উত্তর ঃ ইসমাইল হোসেন সিরাজী।
প্রশ্ন ঃ ইসলামী রেনেসাঁর কবি কে ?
উত্তর ঃ ফররুখ আহমদ।
প্রশ্ন ঃ কোন মনীষী আমাদের রেনেসাঁর অগ্রপথিক ?
উত্তর ঃ মুন্সি মেহেরুল্লাহ।
প্রশ্ন ঃ বিদ্রোহী কবি কে ?
উত্তর ঃ কাজী নজরুল ইসলাম।
প্রশ্ন ঃ বিশ্বকবি কার উপাধি ?


www.pathagar.org

উত্তর ঃ রবীন্দ্রনাথ ঠাকুরের উপাধি।

প্রশ্ন ঃ পল্লীকবি কে ?
উত্তর ঃ জসীম উদ্দিন।
প্রশ্ন ঃ নক্শী কাঁথার মাঠের লেখক কে ?
উত্তর ঃ পল্লীকবি জসীম উদ্দিন।
প্রশ্ন ঃ মেঘনা পারের কবি কে ?
উত্তর ঃ আহসান হাবিব।
প্রশ্ন ঃ কায়কোবাদের প্রকৃত নাম কী ?
উত্তর ঃ মুহাম্মদ কাজেম আল কুরাইশী।
প্রশ্ন ঃ চলন্ত বিশ্বকোষ নামে খ্যাত কে ?
উত্তর ঃ ড. মুহম্মদ শহীদুল্লাহ।
প্রশ্ন ঃ সাত সাগরের মাঝি কার লেখা ?
উত্তর ঃ কবি ফররুখ আহমদ এর।
প্রশ্ন ঃ কবি আল মাহমুদের আসল নাম কী ?
উত্তর ঃ মীর আবদুস্ শুকুর।
প্রশ্ন ঃ বখতিয়ারের ঘোড়া বইয়ের লেখক কে ?
উত্তর ঃ আল মাহমুদ।
প্রশ্ন ঃ বিষাদ সিন্ধুর লেখক কে ?
উত্তর ঃ মীর মশাররফ হোসেন।
প্রশ্ন ঃ নীল দর্পণ নাটকটি কে লিখেছেন ?
উত্তর ঃ দীন বন্ধু মিত্র।
প্রশ্ন ঃ সীরাতুন্নবী গ্রন্থের লেখক কে ?
উত্তর ঃ আল্লামা শিবলী নোমানী।
প্রশ্ন ঃ শাহনামার লেখক কে ? কোন ভাষায় লিখা ?
উত্তর ঃ আবুল কাশেম ফেরদৌসী, ফার্সী ভাষায় লিখা।
প্রশ্ন ঃ মসনবী কার লেখা ?
উত্তর ঃ জালালুদ্দীন রুমী।
প্রশ্ন ঃ গীতাঞ্জলি কার লেখা ?
উত্তর ঃ রবীন্দ্রনাথ ঠাকুর।
প্রশ্ন ঃ বাংলাদেশের পাঁচজন তরুণ কবির নাম বল।
উত্তর ঃ ক) জাকির আবু জাফর খ) মোশাররফ হোসেন খান গ) আসাদ বিন হাফিজ ঘ) হাসান আলিম ঙ) সোলায়মান আহসান।



www.pathagar.org

# দশম পরিচ্ছেদ
# কে, কী?

প্রশ্ন ঃ বাংলাদেশের বর্তমান প্রেসিডেন্টের নাম কী ?
উত্তর ঃ আবদুল হামিদ এডভোকেট।
প্রশ্ন ঃ বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রীর নাম কী ?
উত্তর ঃ শেখ হাসিনা।
প্রশ্ন ঃ জাতীয় সংসদের বর্তমান স্পীকার কে ?
উত্তর ঃ ড. শিরিন শারমিন চৌধুরী।
প্রশ্ন ঃ জাতীয় সংসদের ডেপুটি স্পীকার কে ?
উত্তর ঃ এডভোকেট ফজলে রাব্বী মিয়া।
প্রশ্ন ঃ বাংলাদেশের সেনাবাহিনী প্রধানের নাম কী ?
উত্তর ঃ জেনারেল আজিজ আহমেদ।
প্রশ্ন ঃ বাংলাদেশের নৌবাহিনী প্রধানের নাম কী ?
উত্তর ঃ এডমিরাল আবু মোজাফ্ফর মহিউদ্দীন মো: আওরঙ্গজেব চৌধুরী।
প্রশ্ন ঃ বাংলাদেশের বিমানবাহিনী প্রধানের নাম কী ?
উত্তর ঃ এয়ার চিফ মার্শাল মাসিহুজ্জামান সেরনিয়াবাত।
প্রশ্ন ঃ বাংলাদেশের প্রধান বিচারপতি কে ?
উত্তর ঃ বিচারপতি সৈয়দ মাহমুদ হোসাইন।
প্রশ্ন ঃ স্বাধীন দুর্নীতি দমন কমিশনের প্রধানের পদবী কী?
উত্তর ঃ চেয়ারম্যান।
প্রশ্ন ঃ বাংলাদেশ পুলিশের প্রধান কে?
উত্তর ঃ ড. বেনজির আহমদ।
প্রশ্ন ঃ র‍্যাবের মহা-পরিচালক কে?
উত্তর ঃ আবদুল্লাহ আল মামুন।
প্রশ্ন ঃ প্রধান নির্বাচন কমিশনারের নামকী?
উত্তর ঃ কে এম নূরুল হুদা।



www.pathagar.org

# দ্বিতীয় অধ্যায়
# আন্তর্জাতিক বিষয়

## প্রথম পরিচ্ছেদ
## দেশ-মহাদেশ

প্রশ্ন ঃ বিশ্বে মহাদেশের সংখ্যা কত ও কি কি ?
উত্তর ঃ মহাদেশ ৭টি। (১) এশিয়া, (২) ইউরোপ, (৩) আফ্রিকা, (৪) উত্তর আমেরিকা,(৫) দক্ষিণ আমেরিকা,(৬) অস্ট্রেলিয়া, (৭) অ্যান্টার্কটিকা।

প্রশ্ন ঃ সবচেয়ে বড় মহাদেশ কোনটি ?
উত্তর ঃ এশিয়া।

প্রশ্ন ঃ এশিয়া মহাদেশে কতটি দেশ রয়েছে ?
উত্তর ঃ ৫৩টি।

প্রশ্ন ঃ আয়তনে বিশ্বের দ্বিতীয় মহাদেশ কোনটি ?
উত্তর ঃ আফ্রিকা মহাদেশ।

প্রশ্ন ঃ ছোট মহাদেশ কোনটি ?
উত্তর ঃ অ্যান্টার্কটিকা।

প্রশ্ন ঃ কোন মহাদেশে লোক বসতি নেই ?
উত্তর ঃ অ্যান্টার্কটিকা মহাদেশে।

প্রশ্ন ঃ পৃথিবীর শীতল মহাদেশ কোনটি ?
উত্তর ঃ অ্যান্টার্কটিকা।

প্রশ্ন ঃ অস্ট্রেলিয়া মহাদেশের অপর নাম কি ?
উত্তর ঃ ওশেনিয়া।

প্রশ্ন ঃ ইউরোপ মহাদেশে দেশের সংখ্যা কত ?
উত্তর ঃ ৩০টি।

প্রশ্ন ঃ লোকসংখ্যার ভিত্তিতে বৃহত্তম দেশ কোনটি ?
উত্তর ঃ চীন।

প্রশ্ন ঃ বিশ্বের ক্ষুদ্রতম দেশ কোনটি ?
উত্তর ঃ ভ্যাটিকান।



www.pathagar.org

# দ্বিতীয় পরিচ্ছেদ
# দেশ, রাজধানী ও মুদ্রা

## এশিয়া মহাদেশ

| দেশের নাম | রাজধানী | মুদ্রার নাম |
|---|---|---|
| বাংলাদেশ | ঢাকা | টাকা |
| পাকিস্তান | ইসলামাবাদ | রুপি |
| ভারত | নয়াদিল্লী | রুপি |
| শ্রীলংকা | কলম্বো | রুপি |
| মালদ্বীপ | মালে | রুপি |
| ভূটান | থিম্পু | গুলট্রাম |
| নেপাল | কাঠমুন্ডু | রুপি |
| আফগানিস্তান | কাবুল | আফগানী |
| ইন্দোনেশিয়া | জাকার্তা | রুপীয়া |
| ইরাক | বাগদাদ | দিনার |
| ইরান | তেহরান | রিয়াল |
| ইয়েমেন প্রজাতন্ত্র | সানা | রিয়াল |
| ইসরাইল | জেরুজালেম | শ্যাকেল |
| ওমান | মাসকাট | রিয়াল |
| কুয়েত | কুয়েত সিটি | দিনার |
| দক্ষিণ কোরিয়া | সিউল | ওন |
| কম্পুচিয়া | নমপেন | রিয়েল |
| চীন | বেইজিং | ওয়ান (উয়ান) |
| জর্ডান | আম্মান | দিনার |
| জাপান | টোকিও | ইয়েন |
| তুরস্ক | আংকারা | লিরা |
| থাইল্যান্ড | ব্যাংকক | বাথ |
| ফিলিপাইন | ম্যানিলা | পেসো |
| মায়ানমার (বার্মা) | ইয়াংগুন | কিয়াট |
| বাহরাইন | মানামা | দিনার |



www.pathagar.org

| দেশের নাম | রাজধানী | মুদ্রার নাম |
|---|---|---|
| মালয়েশিয়া | কুয়ালালামপুর | রিংগিট |
| লেবানন | বৈরুত | পাউন্ড |
| সৌদি আরব | রিয়াদ | রিয়াল |
| সাইপ্রাস | নিকোশিয়া | পাউন্ড |
| সিঙ্গাপুর | সিঙ্গাপুর সিটি | ডলার |
| সিরিয়া | দামেস্ক | পাউন্ড |
| সংযুক্ত আরব আমিরাত | আবুধাবী | দিরহাম |

# ইউরোপ মহাদেশ

| দেশের নাম | রাজধানী | মুদ্রার নাম |
|---|---|---|
| ডেনমার্ক | কোপেনহেগেন | ক্রোনা |
| আলবেনিয়া | তিরানা | লেক্ |
| আয়ারল্যান্ড | ডাবলিন | ইউরো |
| ইতালী | রোম | ইউরো |
| অষ্ট্রিয়া | ভিয়েনা | ইউরো |
| নেদারল্যান্ড | আমস্টারডাম | ইউরো |
| জার্মানী | বার্লিন | ইউরো |
| ফিনল্যান্ড | হেলসিংকি | ইউরো |
| ফ্রান্স | প্যারিস | ইউরো |
| বেলজিয়াম | ব্রাসেল্স | ইউরো |
| স্পেন | মাদ্রিদ | ইউরো |
| গ্রীস | এথেন্স | ইউরো |
| চেক প্রজাতন্ত্র | প্রাগ | কোরুনা |
| পোল্যান্ড | ওয়ারশ | জোলেটি |
| বুলগেরিয়া | সোফিয়া | লেভ |
| যুক্তরাজ্য (ব্রিটেন) | লন্ডন | পাউন্ড স্টার্লিং |
| যুগোশ্লাভিয়া (সার্বিয়া) | বেলগ্রেড | দিনার |
| রুমানিয়া | বুখারেস্ট | লেভ |
| বসনিয়া-হারজেগোভিনা | সারাজেভো | দিনার |
| সুইডেন | স্টকহোম | ক্রোনা |
| হাঙ্গেরী | বুদাপেস্ট | ফোরিন্ট |



www.pathagar.org

# আফ্রিকা মহাদেশ

| দেশের নাম | রাজধানী | মুদ্রার নাম |
|---|---|---|
| গিনি (গায়েনা) | ক্রোনাক্রি | ফ্রাঙ্ক |
| আইভরি কোস্ট | ইয়ামুসুকরে | ফ্রাঙ্ক |
| ইথিওপিয়া | আদ্দিস আবাবা | বির |
| উগান্ডা | কাম্পালা | শিলিং |
| এঙ্গোলা | লুয়ান্ডা | কাওয়ানজা |
| আলজিরিয়া | আলজিয়ার্স | দিনার |
| গাম্বিয়া | বানজুল | ডালাসি |
| ঘানা | আক্রা | কেডি |
| চাদ | জামেনা | ফ্রাঙ্ক |
| কঙ্গো | কিনসাসা | ফ্রাঙ্ক |
| জাম্বিয়া | লুসাকা | কাওয়াচা |
| জিম্বাবুয়ে | হারারে | ডলার |
| তিউনিসিয়া | তিউনিস | দিনার |
| তানজানিয়া | দার-এস-সালাম | শিলিং |
| দক্ষিণ আফ্রিকা | কেপটাউন | র‍্যান্ড |
| নাইজেরিয়া | আবুজা | নাইরা |
| নামিবিয়া | উইন্ড হোয়েক | ডলার |
| মরক্কো | রাবাত | দিরহাম |
| মরিশাস | পোর্ট লুইস | রুপী |
| মিশর | কায়রো | পাউন্ড |
| সেনেগাল | ডাকার | ফ্রাঙ্ক |
| সুদান | খার্তুম | পাউন্ড |
| লিবিয়া | ত্রিপলী | দিনার |

# উত্তর আমেরিকা মহাদেশ

| দেশের নাম | রাজধানী | মুদ্রার নাম |
|---|---|---|
| কিউবা | হাভানা | পেসো |



www.pathagar.org

| দেশের নাম | রাজধানী | মুদ্রার নাম |
|---|---|---|
| এল সালভাদর | সান সালভাদর | কোলন |
| কানাডা | অটোয়া | কানাডিয়ান ডলার |
| গুয়েতেমালা | গুয়েতেমালা সিটি | কুয়েটজাল |
| জামাইকা | কিংস্টোন | ডলার |
| নিকারাগুয়া | মানাগুয়া | করডোবা |
| বাহামা দ্বীপপুঞ্জ | নাসাউ | ডলার |
| মেক্সিকো | মেক্সিকো সিটি | পেসো |
| যুক্তরাষ্ট্র | ওয়াশিংটন ডিসি | ডলার |
| হাইতি | পোর্ট অব প্রিন্স | গোর্দি |

## দক্ষিণ আমেরিকা মহাদেশ

| দেশের নাম | রাজধানী | মুদ্রার নাম |
|---|---|---|
| ব্রাজিল | ব্রাসিলিয়া | ক্রুজিরো |
| বলিভিয়া | লাপাজ | পেসো |
| ভেনিজুয়েলা | কারাকাস | বলিভার |
| সুরিনাম | প্যারামারিবো | গুইল্ডার |
| আর্জেন্টিনা | বুয়েনস আয়ার্স | পেসো |
| ইকুয়েডর | কিটো | সুক্রি |
| উরুগুয়ে | মন্টিভিডিও | পেসো |
| কলাম্বিয়া | বোগোটা | পেসো |
| গায়ানা | জর্জটাউন | ডলার |
| চিলি | সানটিয়াগো | এসকুডো |
| পেরু | লিমা | ইনটি |

## অস্ট্রেলিয়া মহাদেশ

| দেশের নাম | রাজধানী | মুদ্রার নাম |
|---|---|---|
| নিউজিল্যান্ড | ওয়েলিংটন | ডলার |
| পাপুয়া নিউগিনি | পোর্ট মৌর্সবি | কিনা |
| অস্ট্রেলিয়া | ক্যানবেরা | ডলার |



www.pathagar.org

# তৃতীয় পরিচ্ছেদ
# প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী

প্রশ্ন ঃ মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কে ?
উত্তর ঃ ডোনাল্ড ট্রাম্প।
প্রশ্ন ঃ রাশিয়ার প্রেসিডেন্ট কে ?
উত্তর ঃ ভ্লাদিমির পুতিন।
প্রশ্ন ঃ ইরানের প্রেসিডেন্ট কে ?
উত্তর ঃ হাসান রোহানী।
প্রশ্ন ঃ ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট কে ?
উত্তর ঃ জোকো উইদোদো।
প্রশ্ন ঃ পাকিস্তানের প্রেসিডেন্ট কে ?
উত্তর ঃ আরিফ আরভী।
প্রশ্ন ঃ মিশরের প্রেসিডেন্ট কে ?
উত্তর ঃ আবদেল ফাত্তাহ আল সি সি।
প্রশ্ন ঃ ভারতের প্রধানমন্ত্রী কে ?
উত্তর ঃ নরেন্দ্র মোদী
প্রশ্ন ঃ দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট কে ?
উত্তর ঃ সিরিল রামাফোসা।
প্রশ্ন ঃ সৌদি আরবের বাদশা কে ?
উত্তর ঃ সালমান বিন আবদুল আজিজ।
প্রশ্ন ঃ মালদ্বীপের প্রেসিডেন্ট কে ?
উত্তর ঃ ইব্রাহিম মোহাম্মদ সোলিহ।
প্রশ্ন ঃ চীনের প্রেসিডেন্ট কে ?
উত্তর ঃ হু জিন পিং।
প্রশ্ন ঃ শ্রীলঙ্কার বর্তমান প্রেসিডেন্ট কে?
উত্তর ঃ মাইথ্রিপালা সিরি সেনা।



www.pathagar.org

# চতুর্থ পরিচ্ছেদ
# কি, কোথায়?

প্রশ্ন ঃ বাংলাদেশের স্বাধীনতা ও জাতীয় দিবস কোন তারিখে ?
উত্তর ঃ ২৬ মার্চ।
প্রশ্ন ঃ বাংলাদেশের বিজয় দিবস কোন তারিখে ?
উত্তর ঃ ১৬ ডিসেম্বর।
প্রশ্ন ঃ পাকিস্তানের স্বাধীনতা ও জাতীয় দিবস কোন তারিখে ?
উত্তর ঃ ১৪ আগস্ট।
প্রশ্ন ঃ ভারতের স্বাধীনতা ও জাতীয় দিবস কোন তারিখে ?
উত্তর ঃ ১৫ আগস্ট।
প্রশ্ন ঃ পিরামিড কোন দেশে অবস্থিত ?
উত্তর ঃ মিশর।
প্রশ্ন ঃ তাজমহল কোথায় অবস্থিত ?
উত্তর ঃ ভারতের আগ্রায়।
প্রশ্ন ঃ সূর্যোদয়ের দেশ কোনটি ?
উত্তর ঃ জাপান।
প্রশ্ন ঃ কালো মানুষের দেশ কোনটি ?
উত্তর ঃ আফ্রিকা।
প্রশ্ন ঃ হাজার দ্বীপের দেশ কোনটি ?
উত্তর ঃ ফিনল্যান্ড।
প্রশ্ন ঃ মসজিদের শহর কোনটি ?
উত্তর ঃ ঢাকা।
প্রশ্ন ঃ নিষিদ্ধ শহর কোনটি ?
উত্তর ঃ লাসা।
প্রশ্ন ঃ নবীর (সঃ) শহর কোনটি ?
উত্তর ঃ মদীনা।
প্রশ্ন ঃ কাশ্মীরকে কি বলা হয় ?
উত্তর ঃ পৃথিবীর ভূস্বর্গ।
প্রশ্ন ঃ পৃথিবীর ছাদ কোথায় ?



www.pathagar.org

প্রশ্ন ঃ পৃথিবীর ছাদ কোথায় ?
উত্তর ঃ পামীর মালভূমি ।
প্রশ্ন ঃ নীল নদের দান কোনটি ?
উত্তর ঃ মিশর ।
প্রশ্ন ঃ চীনের দুঃখ কী ?
উত্তর ঃ হোয়াংহো নদী ।
প্রশ্ন ঃ সৈকত শহর কোনটি ?
উত্তর ঃ কক্সবাজার ।
প্রশ্ন ঃ সীমান্ত শহর কোনটি ?
উত্তর ঃ টেকনাফ ।
প্রশ্ন ঃ মাছ নেই কোন নদীতে ?
উত্তর ঃ জর্ডান নদীতে ।
প্রশ্ন ঃ পৃথিবীর বড় শহর কোনটি ?
উত্তর ঃ নিউইয়র্ক ।
প্রশ্ন ঃ পৃথিবীর বড় খাল কোনটি ?
উত্তর ঃ সুয়েজ খাল ।
প্রশ্ন ঃ রেড-ক্রিসেন্ট কী? উহা কখন, কোথায় প্রতিষ্ঠিত হয় ?
উত্তর ঃ যুদ্ধে আর্ত ও পীড়িত ব্যক্তিদের সেবা শুশ্রুষা করার জন্য গঠিত একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান । ১৮৬৪ সালে জেনেভা কনভেনশনে প্রতিষ্ঠিত হয় ।
প্রশ্ন ঃ নোবেল পুরস্কার কী ?
উত্তর ঃ পৃথিবীর বৃহত্তম আন্তর্জাতিক বাৎসরিক পুরস্কার; আলফ্রেড বি নোবেল এ পুরস্কারের প্রচলন করেন ।
প্রশ্ন ঃ বিশ্ব-ব্যাংকের সদর দপ্তর কোথায় ?
উত্তর ঃ ওয়াশিংটনে ।
প্রশ্ন ঃ পেন্টাগন কী ?
উত্তর ঃ আমেরিকা যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনীর সদর দপ্তর, ওয়াশিংটনে অবস্থিত ।
প্রশ্ন ঃ হোয়াইট হাউজ কী ?
উত্তর ঃ আমেরিকা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের সরকারী বাসভবন ।



www.pathagar.org

# তথ্যপ্রযুক্তি

প্রশ্ন ঃ SMS এর পূর্ণরূপ কী?
উত্তর ঃ Short Message Service.
প্রশ্ন ঃ প্রথম SMS কে কখন পাঠান?
উত্তর ঃ নেইল পাপওয়ার্থ (যুক্তরাজ্য) ৩ ডিসেম্বর, ১৯৯২ সালে
প্রশ্ন ঃ ই-মেইল কী?
উত্তর ঃ Electronic Mail
প্রশ্ন ঃ কোন ই-মেইল ঠিকানায় কোন চিহ্নটি অবশ্যই থাকে?
উত্তর ঃ @.
প্রশ্ন ঃ ATM-এর পূর্ণরূপ কী?
উত্তর ঃ Automated Teller Machine
প্রশ্ন ঃ PC - এর পূর্ণরূপ কী?
উত্তর ঃ Personal Computer
প্রশ্ন ঃ PDF- এর পূর্ণরূপ কী?
উত্তর ঃ Portable Document Format
প্রশ্ন ঃ PIN - এর পূর্ণরূপ কী?
উত্তর ঃ Personal Indentifecation Number
প্রশ্ন ঃ ইন্টারনেট কাকে বলে?
উত্তর ঃ কম্পিউটার হতে কম্পিটউটারে তথ্য আদান প্রদান প্রযুক্তিকে ইন্টারনেট বলে।
প্রশ্ন ঃ গুগল কবে বাংলা ভাষায় অনুবাদ সুবিধা চালু করে?
উত্তর ঃ ২১ জুন, ২০১১।
প্রশ্ন ঃ ইয়াহু মেইল সেবা চালুহয় করেব
উত্তর ঃ ৮ অক্টোবর ১৯৯৭ সালে
প্রশ্ন ঃ ফেসবুক সেবা কবে চালু হয়?
উত্তর ঃ 8 ফেব্রুয়ারি ২০০8 সালে।
প্রশ্ন ঃ ইউটিউব সেবা কবে চালু হয়?
উত্তর ঃ ১8 ফেব্রুয়ারি ২০০৫ সালে।
প্রশ্ন ঃ টুইটার সেবা কবে চালু হয়?
উত্তর ঃ ২১ মার্চ ২০০৬ সালে।
প্রশ্ন ঃ বাংলাদেশে 1G - (প্রথম প্রজন্ম) কবে চালু হয়?
উত্তর ঃ ১৯৯৩ সালে।



www.pathagar.org

# পঞ্চম পরিচ্ছেদ
# খেলা ধুলা

প্রশ্ন ঃ ফুটবল খেলার উদ্ভব হয় কোথায় ?

উত্তর ঃ চীনে।

প্রশ্ন ঃ বিশ্বের সর্বশ্রেষ্ঠ ফুটবলার কে ?

উত্তর ঃ ব্রাজিলের পেলে।

প্রশ্ন ঃ বিশ্বকাপ ফুটবল কখন, কোথায় সর্বপ্রথম অনুষ্ঠিত হয় ?

উত্তর ঃ ১৯৩০ সালে উরুগুয়ে।

প্রশ্ন ঃ সর্বশেষ বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হয় ?

উত্তর ঃ রাশিয়া, ২০১৮ সালে।

প্রশ্ন ঃ এ খেলায় কোন দেশ চ্যাম্পিয়ন হয় ?

উত্তর ঃ ফ্রান্স।

প্রশ্ন ঃ আগামী বিশ্বকাপ ফুটবল করে, কোথায় অনুষ্ঠিত হবে ?

উত্তর ঃ ২০২২ সালে, কাতার।

প্রশ্ন ঃ সর্বশেষ অলিম্পিক গেমস কোথায় অনুষ্ঠিত হয় ?

উত্তর ঃ ২০১৬ সালে, ব্রাজিলে।

প্রশ্ন ঃ ২০২০ সালে অনুষ্ঠেয় অলিম্পিক খেলা কখন কোথায় অনুষ্ঠিত হবে?

উত্তর ঃ ২০২১ সালে জাপানের রাজধানী কোকিওতে।

প্রশ্ন ঃ স্কাউটের প্রতিষ্ঠাতা কে ?

উত্তর ঃ লর্ড ব্যাডন পাওয়েল।

প্রশ্ন ঃ স্কাউট শিবির কখন, কোথায় সর্বপ্রথম অনুষ্ঠিত হয় ?

উত্তর ঃ ১৯০৭ সালে সর্বপ্রথম লাল দ্বীপে অনুষ্ঠিত হয়।

প্রশ্ন ঃ জাম্বুরী কী ?

উত্তর ঃ স্কাউটদের মহাসম্মেলনের নাম জাম্বুরী।



www.pathagar.org

# ষষ্ঠ পরিচ্ছেদ
# পৃথিবীর প্রসিদ্ধ স্থান

* মক্কা ঃ মহানবী হযরত মুহাম্মদ (সা) এর জন্মস্থান। সৌদি আরবে অবস্থিত। এখানে আল্লাহর ঘর পবিত্র কা'বা অবস্থিত।
* মদীনা ঃ নবীর শহর। এখানে মসজিদে নববী ও মহানবী হযরত মুহাম্মদ (সঃ) এর রওজা শরীফ অবস্থিত।
* অক্সফোর্ড ঃ বিশ্ববিদ্যালয়ের জন্য বিখ্যাত। লন্ডনে অবস্থিত।
* কারবালা ঃ ইরাকে অবস্থিত। হযরত ইমাম হোসেন (রা) এখানে শাহাদাত বরন করেছিলেন।
* অলিম্পিয়া ঃ গ্রীসের একটি স্থান, প্রথম অলিম্পিক খেলা এখানে অনুষ্ঠিত হয়।
* আগ্রা ঃ ভারতের একটি প্রসিদ্ধ শহর। তাজমহল এখানে অবস্থিত।
* বাগদাদ ঃ ইরাকের রাজধানী। আব্বাসীয় শাসন আমলে মুসলিম সাম্রাজ্যের রাজধানী ও শিক্ষাকেন্দ্র।
* নিউইয়র্ক ঃ আমেরিকা যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় শহর। প্রসিদ্ধ বাণিজ্যিক কেন্দ্র।
* আজমেরী ঃ ভারতের রাজস্থানে অবস্থিত। হযরত খাজা মুঈনুদ্দীন চিশতির মাজার এখানে অবস্থিত।
* জেনেভা ঃ সুইজারল্যান্ডের একটি শহর। কয়েকটি আন্তর্জাতিক সংস্থার প্রধান কার্যালয় এখানে অবস্থিত।
* সুয়েজ খাল ঃ মিশর ও সিনাই মরুভূমির মধ্যস্থলে অবস্থিত। পৃথিবীর বৃহত্তম জাহাজ চলাচল উপযোগী খাল।
* ফারাক্কা বাঁধ ঃ গঙ্গা নদীর উপর ভারতের নির্মিত বাঁধ।
* আরাফাত ঃ পবিত্র মক্কা নগরীর নিকটবর্তী একটি ময়দান। এখানে রাসূল মুহাম্মদ (সা) বিদায় হজ্জের ভাষণ দিয়েছিলেন।
* ওয়াশিংটন ডিসি ঃ যুক্তরাষ্ট্রের রাজধানী।
* কৃষ্ণসাগর ঃ ইউরোপ ও এশিয়ার মধ্যবর্তী একটি সাগর।
* খাইবার পাস ঃ পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে বিখ্যাত গিরিপথ।
* গ্রীনিচ ঃ ইংল্যান্ডে অবস্থিত। এখান থেকেই বিশ্বের স্ট্যান্ডার্ড সময় গণনা করা হয়।
* বোখারা ঃ উজবেকিস্তানের একটি প্রদেশ ও শহর। ইমাম বোখারী (রা) এর জন্মস্থান।



www.pathagar.org

# সপ্তম পরিচ্ছেদ
# স্মরণীয় যারা

প্রশ্ন ঃ তিতুমীরের আসল নাম কী ?

উত্তর ঃ মীর নিসার আলী ।

প্রশ্ন ঃ তিনি কাদের বিরুদ্ধে সংগ্রাম করেন ?

উত্তর ঃ হিন্দু জমিদার ও ইংরেজদের বিরুদ্ধে ।

প্রশ্ন ঃ তিনি ঐতিহাসিক বাঁশের কিল্লা কোথায় স্থাপন করেন ?

উত্তর ঃ নারিকেল-বাড়িয়ায়, চব্বিশ পরগণা জেলা, ভারত ।

প্রশ্ন ঃ শেরে বাংলা কার উপাধি ?

উত্তর ঃ এ,কে, ফজলুল হকের ।

প্রশ্ন ঃ তিনি কোথায় জন্মগ্রহণ করেন ?

উত্তর ঃ ঝালকাঠি জেলার রাজাপুর থানার সাতুরিয়া গ্রামে মাতুলালয়ে ।

প্রশ্ন ঃ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম কোথায় জন্মগ্রহণ করেন ?

উত্তর ঃ পশ্চিম বঙ্গের বর্ধমান জেলার আসানসোলের চুরুলিয়া গ্রামে ।

প্রশ্ন ঃ তাঁর কবর কোথায় ?

উত্তর ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের পাশে ।

প্রশ্ন ঃ হোসেন শহীদ সোহরাওয়ার্দী কত সালে পাকিস্তানের প্রধানমন্ত্রী ছিলেন ?

উত্তর ঃ ১৯৫৬ সালে ।

প্রশ্ন ঃ ফারাক্কার বাঁধ অভিমুখে লংমার্চ করে কে খ্যাতি অর্জন করেছিলেন ?

উত্তর ঃ মাওলানা আবদুল হামিদ খান ভাসানী ।

প্রশ্ন ঃ শেখ মুজিবুর রহমানের জন্ম কোথায় ?

উত্তর ঃ গোপালগঞ্জ জেলার টুংগীপাড়ায় ।

প্রশ্ন ঃ তিনি কত সালে সপরিবারে নিহত হন ?

উত্তর ঃ ১৯৭৫ সালের ১৫ আগস্ট ।

প্রশ্ন ঃ ডঃ মুহম্মদ শহীদুল্লাহ কতটি ভাষায় সুপন্ডিত ছিলেন ?

উত্তর ঃ ১৮টি ভাষায় ।

প্রশ্ন ঃ হাজী মোহাম্মদ মহসীন কে ?

উত্তর ঃ বিখ্যাত মুসলিম দানবীর; মুসলিম শিক্ষার উন্নতির জন্য তাঁর বিশাল সম্পত্তি দান করে গেছেন ।



www.pathagar.org

প্রশ্ন ঃ মহাকবি শেখ সাদী কোন দেশের কবি ?

উত্তর ঃ ইরানের।

প্রশ্ন ঃ পাকিস্তানের স্বপ্নদ্রষ্টা জাতীয় কবি কে ?

উত্তর ঃ মহাকবি ডঃ স্যার আল্লামা ইকবাল।

প্রশ্ন ঃ নোবেল পুরস্কার কে প্রবর্তন করেন ?

উত্তর ঃ আলফ্রেড নোবেল।

প্রশ্ন ঃ চিকিৎসা বিজ্ঞানী ইবনে সীনার পুরো নাম কী ?

উত্তর ঃ আবু আলী আল হুসাইন বিন আবদুল্লাহ ইবনে সীনা।

প্রশ্ন ঃ তাঁর লিখিত চিকিৎসা বিষয়ক বিশ্বকোষের নাম কী ?

উত্তর ঃ আল কানুন ফিত তিব্ব।

প্রশ্ন ঃ সর্বশ্রেষ্ঠ মুসলিম চিকিৎসা বিজ্ঞানী আল রাজী কোথায় জন্মগ্রহণ করেন?

উত্তর ঃ ইরান দেশে, তেহরানের নিকট রাই নামক স্থানে।

প্রশ্ন ঃ আল-বিরুনী কে ছিলেন?

উত্তর ঃ বহুভাষাবিদ পন্ডিত, ভূগোলবিদ; তিনিই সর্বপ্রথম পৃথিবীর গোলাকার মানচিত্র তৈরি করেন।

প্রশ্ন ঃ আল-ফারাবী কে ছিলেন?

উত্তর ঃ বিশিষ্ট ভাষা-তত্ত্ববিদ, ভাষা-পন্ডিত; তিনি প্রায় সত্তরটি ভাষায় কথা বলতে পারতেন।

প্রশ্ন ঃ আধুনিক রসায়ন শাস্ত্রের জনক কাকে বলে ?

উত্তর ঃ জাবির বিন হাইয়ানকে।

প্রশ্ন ঃ কোন মুসলিম পদার্থ বিজ্ঞানী নোবেল পুরস্কার লাভ করেন ?

উত্তর ঃ আব্দুস সালাম (পাকিস্তানী)।

প্রশ্ন ঃ কবি আল মাহমুদ কত সালে কোথায় জন্মগ্রহণ করেন ?

উত্তর ঃ ১৯৩৬ সালে ব্রাহ্মনবাড়িয়া জেলায়।

প্রশ্ন ঃ তিনি কোন কাব্য গ্রন্থের জন্য বিখ্যাত হন?

উত্তর ঃ সোনালী কাবিন।



www.pathagar.org

# অষ্টম পরিচ্ছেদ
# সংগঠন, সংস্থা

প্রশ্ন : SAARC (সার্ক) বলতে কী বুঝায় ?

উত্তর : South Asian Association for Regional Co operation. (দক্ষিণ এশিয়া আঞ্চলিক সহযোগিতা সংস্থা)

প্রশ্ন : এটা কখন, কোথায় গঠিত হয় ?

উত্তর : ১৯৮৫ সালে, ঢাকায় ।

প্রশ্ন : সার্কের প্রথম উদ্যোক্তা কে ?

উত্তর : বাংলাদেশের মরহুম রাষ্ট্রপতি জিয়াউর রহমান ।

প্রশ্ন : সার্কের সদস্য দেশগুলোর নাম কী কী ?

উত্তর : বাংলাদেশ, পাকিস্তান, ভারত, শ্রীলংকা, নেপাল, ভুটান, মালদ্বীপ ও আফগানিস্তান ।

প্রশ্ন : কোন কোন দেশ ও সংস্থা সার্কের পর্যবেক্ষক রাষ্ট্র হিসেবে বিবেচিত হবে ?

উত্তর : চীন, জাপান, মার্কিন যুক্তরাষ্ট্র, দক্ষিণ কোরিয়া, ইরান, অস্ট্রেলিয়া, মরিশাস, মিয়ানমার ও ইউরোপিয়ান ইউনিয়ন ।

প্রশ্ন : সার্কের প্রথম চেয়ারম্যানের নাম কী ?

উত্তর : বাংলাদেশের প্রাক্তন প্রেসিডেন্ট হুসাইন মুহাম্মদ এরশাদ ।

প্রশ্ন : সার্কের প্রথম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয় ?

উত্তর : ঢাকায়, ১৯৮৫ সালের ৭ ডিসেম্বর ।

প্রশ্ন : সার্কের সদর দপ্তর কোথায় ?

উত্তর : নেপালের রাজধানী কাঠমুন্ডুতে ।

প্রশ্ন : সর্বশেষ সার্ক সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয় ?

উত্তর : পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে ।

প্রশ্ন : জাতিসংঘ কখন গঠিত হয় ?

উত্তর : ১৯৪৫ সালের ২৪ অক্টোবর ।



www.pathagar.org

প্রশ্ন ঃ প্রতিষ্ঠালগ্নে কতটি দেশ এর সদস্য ছিল ?

উত্তর ঃ ৫১টি ।

প্রশ্ন ঃ বর্তমান সদস্য সংখ্যা কত ?

উত্তর ঃ ১৯৪টি দেশ ।

প্রশ্ন ঃ জাতিসংঘের সদর দপ্তর কোথায় ?

উত্তর ঃ আমেরিকার নিউইয়র্ক সিটিতে ।

প্রশ্ন ঃ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য কয়টি ও কোন কোন দেশ ?

উত্তর ঃ ৫টি স্থায়ী সদস্য, যথা- যুক্তরাষ্ট্র, গ্রেট ব্রিটেন, রাশিয়া, ফ্রান্স ও চীন ।

প্রশ্ন ঃ জাতিসংঘের প্রথম মহাসচিব কে ?

উত্তর ঃ নরওয়ের ট্রিগভি-লী ।

প্রশ্ন ঃ বর্তমান মহাসচিব কে ?

উত্তর ঃ এন থনি গুটারেস ।

প্রশ্ন ঃ জাতিসংঘ দিবস কোন তারিখে ?

উত্তর ঃ ২৪ অক্টোবর ।

প্রশ্ন ঃ ও. আই. সি কত সালে গঠিত হয়?

উত্তর ঃ ১৯৬৯ সালে ।

প্রশ্ন ঃ ও. আই. সির সদর দপ্তর কোথায় অবস্থিত?

উত্তর ঃ সৌদীআরবের জেদ্দায় ।



www.pathagar.org

# তৃতীয় অধ্যায়
# বিজ্ঞানের কথা

## প্রথম পরিচ্ছেদ
## সৌর জগত

প্রশ্ন ঃ সৌর জগত কী ?
উত্তর ঃ সূর্য ও তার গ্রহ, উপগ্রহ নিয়ে যে জগত গঠিত তার নাম সৌরজগত।
প্রশ্ন ঃ সৌরজগতের গ্রহ কয়টি ও কী কী?
উত্তর ঃ ৮টি, যথাঃ বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস ও নেপচুন ।
প্রশ্ন ঃ মহাকাশ কী ?
উত্তর ঃ আমাদের দৃষ্টির বাইরে যে বিশাল ফাঁকা জায়গা রয়েছে তাকে মহাশূন্য বা মহাকাশ বলে।
প্রশ্ন ঃ কোন প্রাণি প্রথম মহাশূন্য ভ্রমণ করে ?
উত্তর ঃ লাইকা নামক একটি কুকুর।
প্রশ্ন ঃ পৃথিবীর কোন মানুষ সর্বপ্রথম মহাশূন্য ভ্রমণ করেন ?
উত্তর ঃ রাশিয়ার মেজর ইউরি গ্যাগারিন।
প্রশ্ন ঃ চাঁদের বুকে সর্বপ্রথম কে পদচিহ্ন অংকন করেন ?
উত্তর ঃ আমেরিকার নভোচারী নীল আর্মস্ট্রং।
প্রশ্ন ঃ নীল আর্মস্ট্রং কবে মারা যান?
উত্তর ঃ ২৫ আগস্ট, ২০১২ সালে।
প্রশ্ন ঃ তাঁর সাথে কে কে ছিলেন ?
উত্তর ঃ এডুইন অলড্রিন ও মাইকেল কলিন্স।
প্রশ্ন ঃ তাঁদের বহনকারী মহাশূন্যযানের নাম কী ?
উত্তর ঃ এ্যাপোলো-১১
প্রশ্ন ঃ কত সালে মানুষ চন্দ্র বিজয় করে ?
উত্তর ঃ ১৯৬৯ সালের ২২ জুলাই।
প্রশ্ন ঃ পৃথিবী কী ?
উত্তর ঃ পৃথিবী সৌর জগতের অসংখ্য গ্রহ জ্যোতিষ্কের মধ্যে মাঝারি ধরনের একটি গ্রহ।
প্রশ্ন ঃ চাঁদ কী ?
উত্তর ঃ চাঁদ পৃথিবীর একটি উপগ্রহ; এটি পৃথিবী গ্রহের চারদিকে ঘোরে।



www.pathagar.org

# দ্বিতীয় পরিচ্ছেদ
## বিজ্ঞানের নানাহ্ বিষয়

প্রশ্ন ঃ পানির উপাদান কী?
উত্তর ঃ অক্সিজেন ও হাইড্রোজেন।
প্রশ্ন ঃ আমরা বাতাস দেখতে পাই না কেন ?
উত্তর ঃ বাতাস স্বচ্ছ বলে আমরা দেখতে পাই না।
প্রশ্ন ঃ আলোর গতি কত ?
উত্তর ঃ প্রতি সেকেন্ডে ১,৮৬,০০০ মাইল।
প্রশ্ন ঃ দূরবীন বা দূরবীক্ষণ যন্ত্র কী ?
উত্তর ঃ যে আলোক যন্ত্রের সাহায্যে দূরের জিনিস ভাল করে দেখা যায়।
প্রশ্ন ঃ অনুবীক্ষণ যন্ত্র কী ?
উত্তর ঃ যে আলোক যন্ত্রের সাহায্যে অতি ক্ষুদ্র জিনিস যা খালি চোখে দেখা যায় না তা পর্যবেক্ষণ করা যায় তাকে অনুবীক্ষণ যন্ত্র বলে।
প্রশ্ন ঃ থার্মোমিটার কী ?
উত্তর ঃ তাপমাত্রা নির্ণয় করার যন্ত্র।
প্রশ্ন ঃ ব্যারোমিটার কী ?
উত্তর ঃ বাতাসের চাপ নির্ণয় করার যন্ত্র।
প্রশ্ন ঃ কম্পাস কী ?
উত্তর ঃ যে যন্ত্রের সাহায্যে দিক নির্ণয় করা হয় তাকে কম্পাস বলে।
প্রশ্ন ঃ জেনারেটর কী ?
উত্তর ঃ যে যন্ত্রের সাহায্যে বিদ্যুৎ শক্তি তৈরি, সঞ্চয় ও সরবরাহ করা হয়।
প্রশ্ন ঃ কম্পিউটার কী ?
উত্তর ঃ যে যন্ত্রের সাহায্যে অতি অল্পসময়ে যে কোন তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করা যায় এবং বিভিন্ন জটিল গাণিতিক সমস্যা ও হিসাব-নিকাশ দ্রুত ও নির্ভুলভাবে সমাধান করা যায়।
প্রশ্ন ঃ রেফ্রিজারেটর কী ?
উত্তর ঃ একটি বৈদ্যুতিক যন্ত্র, যাতে নিম্ন তাপমাত্রা সৃষ্টি করে জিনিস পত্র ঠান্ডা ও তরতাজা রাখা যায় এবং পচনশীল দ্রব্য সংরক্ষণ করা যায়।
প্রশ্ন ঃ রাডার কী ?
উত্তর ঃ যে যন্ত্রের সাহায্যে আকাশ ও সমুদ্র অঞ্চলে চলাচলকারী বিমান ও জাহাজের তথ্য সংগ্রহ ও প্রদান করা এবং যার মাধ্যমে আকাশ সীমার মধ্যে অন্য কোন দেশের যানবাহন দৃষ্টিগোচর হয়।



www.pathagar.org

# তৃতীয় পরিচ্ছেদ
# আবিষ্কার ও আবিষ্কারক

প্রশ্ন ঃ টেলিফোন কে আবিষ্কার করেন ?
উত্তর ঃ আলেকজান্ডার গ্রাহাম বেল।
প্রশ্ন ঃ উড়োজাহাজ কে আবিষ্কার করেন ?
উত্তর ঃ অরভিল রাইট ও উইলভার রাইট ভ্রাতৃদ্বয়।
প্রশ্ন ঃ ক্যামেরা কে আবিষ্কার করেন ?
উত্তর ঃ ওয়েজউড (ইস্টম্যান)।
প্রশ্ন ঃ টেলিভিশন কে আবিষ্কার করেন ?
উত্তর ঃ জন বেয়ার্ড।
প্রশ্ন ঃ এয়ার কন্ডিশনার কে আবিষ্কার করেন ?
উত্তর ঃ কোরিয়ার (আমেরিকা)।
প্রশ্ন ঃ রেডিও কে আবিষ্কার করেন ?
উত্তর ঃ মার্কনী (ইতালী)।
প্রশ্ন ঃ ঘড়ি কে আবিষ্কার করেন ?
উত্তর ঃ পোপ সিল্ভস্টার (জার্মানী)।
প্রশ্ন ঃ রাডার কে আবিষ্কার করেন ?
উত্তর ঃ ওয়াট, (ইংল্যান্ড)।
প্রশ্ন ঃ এক্সরে মেশিন কে আবিষ্কার করেন ?
উত্তর ঃ ডব্লিউ রন্ট জেন, (জার্মানী)।
প্রশ্ন ঃ মাধ্যাকর্ষণ শক্তি কে আবিষ্কার করেন ?
উত্তর ঃ নিউটন, (ইংল্যান্ড)।
প্রশ্ন ঃ আমেরিকা আবিষ্কার করেন কে ?
উত্তর ঃ কলম্বাস।
প্রশ্ন ঃ ভারত কে আবিষ্কার করেন ?
উত্তর ঃ ভাস্কো-ডা-গামা।
প্রশ্ন ঃ কে এভারেস্ট শৃঙ্গ প্রথম জয় করেন ?
উত্তর ঃ তেনজিং এবং হিলারী।
প্রশ্ন ঃ কে প্রথম সৌরজগত আবিষ্কার করেন ?
উত্তর ঃ কপারনিকাস।



www.pathagar.org

# চতুর্থ পরিচ্ছেদ
## কী, কেন?

প্রশ্ন ঃ রংধনু কী ?

উত্তর ঃ যে দিকে সূর্য থাকে তার বিপরীত দিকে সূর্যের কিরণ মেঘের বা ক্ষুদ্র ক্ষুদ্র জলকণার উপর পতিত হলে আকাশে সাত রং এর যে রেখা প্রতিফলিত হয় তাই রংধনু নামে পরিচিত।

প্রশ্ন ঃ রংধনুর কী কী রং আছে?

উত্তর ঃ রংধনুতে ৭টি রং আছে। যথাঃ বেগুনী, নীল, আসমানী, সবুজ, হলুদ, কমলা ও লাল। এদের এক কথায় বেনীআসহকলা' বলে।

প্রশ্ন ঃ চন্দ্র গ্রহণ কেন হয় ?

উত্তর ঃ স্ব স্ব কক্ষপথে চলতে গিয়ে পৃথিবী যখন সূর্য ও চন্দ্রের মাঝখানে আসে, তখন সূর্যের আলোতে পৃথিবীর ছায়া চন্দ্রের উপর পড়ে। ফলে সম্পূর্ণ চন্দ্র অন্ধকার হয়ে যায় বলে চন্দ্র গ্রহণ হয়। বৎসরের কোন এক পূর্ণিমার রাত্রে চন্দ্র গ্রহণ হয়।

প্রশ্ন ঃ সূর্য গ্রহণ কেন হয় ?

উত্তর ঃ চন্দ্র যখন সূর্য ও পৃথিবীর মধ্যে অবস্থান করে তখন চন্দ্রের কারণে পৃথিবীর কোন অংশ থেকে সূর্যকে দেখা যায় না বলে সূর্য গ্রহণ হয়।

প্রশ্ন ঃ জোয়ার ভাটা কিভাবে হয় ?

উত্তর ঃ চন্দ্রের আকর্ষণে সমুদ্রের পানি স্ফীত হয়ে জোয়ারের সৃষ্টি হয়। এক জায়গায় জোয়ার হলে অন্য জায়গায় পানির পতন হয়ে ভাটার সৃষ্টি হয়।

প্রশ্ন ঃ বিদ্যুৎ চমকায় কেন?

উত্তর ঃ মেঘে মেঘে ঘর্ষণ হলে বিদ্যুৎ চমকায়।

প্রশ্ন ঃ মেঘাচ্ছন্ন দিনে গরম বোধ হয় কেন?

উত্তর ঃ আকাশে মেঘ থাকলে মেঘের আবরণ ভেদ করে পৃথিবীর তাপ বাইরে চলে যেতে পারে না বলে গরম বোধ হয়।

প্রশ্ন ঃ তেলের সাথে পানি মিশে না কেন ?

উত্তর ঃ তেলের অণু বড় এবং পানির অণু ছোট বলে উভয়ে মিশে না।

প্রশ্ন ঃ চুল ও নখ কাটলে ব্যথা পাওয়া যায় না কেন ?

উত্তর ঃ চুল ও নখের স্নায়ু নাই বলে।

প্রশ্ন ঃ হাতে পায়ে ঝিঁ ঝিঁ লাগে কেন ?

উত্তর ঃ চাপ পড়ায় বা কোন কারণে শিরার মধ্যে কিছুক্ষণের জন্যে রক্ত চলাচল বন্ধ থেকে পুনরায় চলতে শুরু করলে হাত পায়ে ঝিঁ ঝিঁ লাগে।

প্রশ্ন ঃ বরফ পানিতে ভাসে কেন ?



www.pathagar.org

# চতুর্থ অধ্যায়
# ইসলাম

## প্রথম পরিচ্ছেদ
## অর্থ-পরিচয়

প্রশ্ন ঃ ইসলাম শব্দের অর্থ কী?

উত্তর ঃ ইসলাম অর্থ আত্মসমর্পণ, আনুগত্য ও শান্তি।

প্রশ্ন ঃ আল্লাহ তায়ালার মনোনীত একমাত্র দ্বীন কী ?

উত্তর ঃ আল ইসলাম।

প্রশ্ন ঃ ইসলাম বলতে কী বুঝায় ?

উত্তর ঃ আল্লাহ্ তায়ালা মানুষ সৃষ্টি করে তার জন্য যে জীবন-যাপন পদ্ধতি বা জীবন পরিচালনার নিয়ম-কানুন শিখিয়ে দিয়েছেন তা'ই ইসলাম।

প্রশ্ন ঃ আদ্দ্বীন অর্থ কী ?

উত্তর ঃ একমাত্র জীবন ব্যবস্থা বা জীবন বিধান।

প্রশ্ন ঃ সকল নবী-রাসূল কোন দ্বীনের দাওয়াত দিয়েছেন ?

উত্তর ঃ আল ইসলামের।

প্রশ্ন ঃ ইসলামের মূল ভিত্তি বা স্তম্ভ কয়টি ও কী কী?

উত্তর ঃ পাঁচটি, যথাঃ

(১) আল্লাহ ও রাসূল (সঃ) এর উপর ঈমানের সাক্ষ্য প্রদান করা।

(২) সালাত কায়েম করা ।

(৩) যাকাত প্রদান করা।

(৪) হাজ্ব পালন করা।

(৫) রামযান মাসে সাওম পালন করা।

প্রশ্ন ঃ মুসলমান কাকে বলে ?

উত্তর ঃ যে ব্যক্তি ইসলামের জীবন বিধান মেনে চলে তাকে মুসলমান বলে।

প্রশ্ন ঃ কুফর বলতে কী বুঝায় ?

উত্তর ঃ আল্লাহর অস্তিত্বকে অস্বীকার ও তার হুকুম অমান্য করাকে কুফর বলে।



www.pathagar.org

# দ্বিতীয় পরিচ্ছেদ

# আল কুরআন

প্রশ্ন ঃ আল কুরআন শব্দের অর্থ কী ?
উত্তর ঃ যা অধিক পড়া হয়।
প্রশ্ন ঃ আল কুরআন কী ?
উত্তর ঃ আল্লাহর পক্ষ থেকে প্রেরিত বা নাজিলকৃত মানব জাতির সর্বশেষ হেদায়াত গ্রন্থ বা জীবন বিধান।
প্রশ্ন ঃ আল কুরআন কোন নবীর উপর নাজিল হয় ?
উত্তর ঃ হযরত মুহাম্মদ (সঃ) এর উপর।
প্রশ্ন ঃ কার মাধ্যমে আল কুরআন নাজিল হয় ?
উত্তর ঃ হযরত জিবরাইল (আঃ) এর মাধ্যমে।
প্রশ্ন ঃ পবিত্র কুরআনে "প্রথম পূর্ণাঙ্গ সূরা" কোনটি ?
উত্তর ঃ সূরা আল ফাতিহা।
প্রশ্ন ঃ আল কুরআনের শেষ সূরা কোনটি?
উত্তর ঃ সূরা আন্‌নাস।
প্রশ্ন ঃ সর্বপ্রথম আল কুরআনের কোন অংশটি নাজিল হয় ?
উত্তর ঃ 'সূরা আল আলাকের' প্রথম পাঁচটি আয়াত।
প্রশ্ন ঃ আল কুরআনে কতটি সূরা আছে ?
উত্তর ঃ ১১৪টি।
প্রশ্ন ঃ আল কুরআনের সূরাসমূহ কয় প্রকার ও কি কি?
উত্তর ঃ দুই প্রকার, ১। মাক্কী ২। মাদানী।
প্রশ্ন ঃ মাক্কী সূরা কয়টি ?
উত্তর ঃ ৮৪টি
প্রশ্ন ঃ মাদানী সূরা কয়টি ?
উত্তর ঃ ৩০টি।
প্রশ্ন ঃ মাক্কী সূরা কাকে বলে ?
উত্তর ঃ হযরত মুহাম্মদ (সঃ) এর মদীনায় হিজরতের পূর্বে যে সকল সূরা নাজিল হয়েছে সেগুলোকে মাক্কী সূরা বলে।
প্রশ্ন ঃ মাদানী সূরা কাকে বলে ?
উত্তর ঃ হযরত মুহাম্মদ (সঃ) এর মদীনায় হিজরতের পরে যে সকল সূরা নাজিল হয়েছে সেগুলোকে মাদানী সূরা বলে।
প্রশ্ন ঃ আল কুরআনের মোট আয়াত কতটি?
উত্তর ঃ ৬,৬৬৬টি।



www.pathagar.org

প্রশ্ন ঃ আল কুরআনে সিজ্‌দার আয়াত কয়টি ?
উত্তর ঃ ১৪টি ।
প্রশ্ন ঃ আল কুরআনের সবচেয়ে বড় সূরা কোনটি ?
উত্তর ঃ সূরা আল বাকারা ।
প্রশ্ন ঃ আল কুরআনের সবচেয়ে ছোট সূরা কোনটি?
উত্তর ঃ সূরা আল কাউসার ।
প্রশ্ন ঃ আল কুরআনের আয়াত কত প্রকার ?
উত্তর ঃ দুই প্রকার, যথা ১। মুহকামাত ও ২। মুতাশাবিহাত ।
প্রশ্ন ঃ কোন সূরাকে উম্মুল কুরআন বলা হয়েছে ?
উত্তর ঃ সূরা আল ফাতিহাকে ।
প্রশ্ন ঃ আসমানী কিতাব কাকে বলে?
উত্তর ঃ মানুষের হেদায়েতের জন্য যুগে যুগে আল্লাহ্ তায়ালা নবী রাসূলগণের উপর যে সকল কিতাব নাজিল করেছেন সেগুলোকে আসমানী কিতাব বলে ।
প্রশ্ন ঃ মোট আসমানী কিতাবের সংখ্যা কতটি ?
উত্তর ঃ ১০৪টি ।
প্রশ্ন ঃ প্রধান আসমানী কিতাব কয়টি ?
উত্তর ঃ ৪টি ।
প্রশ্ন ঃ প্রধান আসমানী কিতাবগুলো কী কী?
উত্তর ঃ ১) কুরআন ২) তাওরাত ৩) ইঞ্জিল ৪) যাবুর
প্রশ্ন ঃ আল কুরআন কোন ভাষায় নাজিল হয় ?
উত্তর ঃ আরবী ভাষায় ।
প্রশ্ন ঃ প্রথম যুগে কুরআন কিভাবে সংরক্ষিত হয় ?
উত্তর ঃ মুখস্ত করে, চামড়া, পাতা ইত্যাদিতে লিখে ।
প্রশ্ন ঃ যারা কুরআন মুখস্ত করেন তাদেরকে কী বলে ?
উত্তর ঃ হাফিজ ।
প্রশ্ন ঃ প্রধান অহী লেখক কে ?
উত্তর ঃ হযরত জায়িদ বিন ছাবিত (রা) ।
প্রশ্ন ঃ কার পরামর্শে কুরআন গ্রন্থবদ্ধের কার্যক্রম শুরু হয় ?
উত্তর ঃ হযরত উমর (রাঃ) এর পরামর্শে ।
প্রশ্ন ঃ দ্বিতীয় খলিফা হযরত ওমর (রা) তাঁর ওফাতের পূর্বে কুরআনের পাণ্ডুলিপি কার নিকট রেখে যান ?
উত্তর ঃ হযরত হাফসা (রাঃ) এর নিকট ।



www.pathagar.org

প্রশ্ন ঃ কার খিলাফত কালে পূর্ণ কুরআন শরীফের আটটি কপি করা হয় ?
উত্তর ঃ হযরত ওসমান (রা) এর আমলে।
প্রশ্ন ঃ হিজরী কত সনে আল কুরআনে হরকত সংযোজন করা হয় ?
উত্তর ঃ হিজরী ৭৫ সনে।
প্রশ্ন ঃ কোন শাসকের নির্দেশে তা করা হয় ?
উত্তর ঃ ইরাকের গভর্নর হাজ্জাজ বিন ইউসুফের নির্দেশে।
প্রশ্ন ঃ আল কুরআন কে সর্বপ্রথম বাংলায় অনুবাদ করেন ?
উত্তর ঃ মাওলানা আমীর উদ্দিন বসুনিয়া।

# তৃতীয় পরিচ্ছেদ
# আল হাদীস

প্রশ্ন ঃ হাদীস শব্দের অর্থ কী?
উত্তর ঃ হাদীস অর্থ কথা, বাণী, নতুন সংবাদ, খবর।
প্রশ্ন ঃ হাদীস কাকে বলে ?
উত্তর ঃ মহানবী হযরত মুহাম্মদ (সা) এর কথা, কাজ ও মৌন সম্মতিকে হাদীস বলে।
প্রশ্ন ঃ হাদীস কত প্রকার ও কী কী?
উত্তর ঃ তিন প্রকার, যথা (১) কাওলী (যা রাসূল (সঃ) বলেছেন), (২) ফে'লী (যা রাসূল (সঃ) করেছেন) (৩) তাক্‌রীরি (যা রাসূল (সঃ) সমর্থন করেছেন)।
প্রশ্ন ঃ সনদ কাকে বলে ?
উত্তর ঃ রাবীদের পরম্পরা সূত্রকে সনদ বলে।
প্রশ্ন ঃ মতন কাকে বলে ?
উত্তর ঃ সনদের পরে বর্ণিত হাদীসের মূল বক্তব্য বা ইবারতকে মতন বলে।
প্রশ্ন ঃ মুহাদ্দীস কাকে বলে ?
উত্তর ঃ যিনি হাদীস শাস্ত্রে পন্ডিত।
প্রশ্ন ঃ হাদীসে কুদসী কাকে বলে ?
উত্তর ঃ যে হাদীস স্বয়ং রাসূল (সঃ) আল্লাহর পক্ষ থেকে বর্ণনা করেছেন বলে উল্লেখ আছে।
প্রশ্ন ঃ সহীহাইন' বললে কোন দু'খানা হাদীসের কিতাবকে বুঝায় ?
উত্তর ঃ সহীহ আল বুখারী ও সহীহ আল মুসলিম।



www.pathagar.org

প্রশ্ন ঃ মুত্তাফিকুন আলাইহি কী ?
উত্তর ঃ যে হাদীস বর্ণনা করতে ইমাম বুখারী ও ইমাম মুসলিম (রহ) ঐকমত্য পোষণ করেছেন।
প্রশ্ন ঃ মুত্তাফিকুন আলাইহি' হাদীসের সংখ্যা কত ?
উত্তর ঃ ২৩২৬টি।
প্রশ্ন ঃ ইত্তেসালে সনদ (সনদ পৌছা) এর দিক বিচারে হাদীস কত প্রকার ও কী কী?
উত্তর ঃ তিন প্রকার, যথা- ১) মারফু (২) মাওকুফ (৩) মাকতু।
প্রশ্ন ঃ হাদীসে মারফু কাকে বলে ?
উত্তর ঃ যে হাদীসের সনদসূত্র রাসূল (সা) পর্যন্ত পৌঁছেছে তাকে হাদীসে মারফু বলে।
প্রশ্ন ঃ হাদীসে মাওকুফ কাকে বলে ?
উত্তর ঃ যে হাদীসের সনদ সাহাবী পর্যন্ত পৌঁছেছে।
প্রশ্ন ঃ হাদীসে মাকতু কাকে বলে ?
উত্তর ঃ যে হাদীসের সনদ তাবিয়ী পর্যন্ত পৌঁছেছে।
প্রশ্ন ঃ পুরুষের মধ্যে সবচেয়ে বেশি হাদীস বর্ণনা করেছেন কে ?
উত্তর ঃ হযরত আবু হুরাইরা (রা) প্রকৃত নাম আবদুর রহমান।
প্রশ্ন ঃ মহিলাদের মধ্যে সবচেয়ে বেশি হাদীস বর্ণনা করেছেন কে ?
উত্তর ঃ হযরত আয়েশা (রা)।
প্রশ্ন ঃ আসমাউর রিজাল' কী ?
উত্তর ঃ হাদীস বর্ণনাকারীদের জীবনী গ্রন্থ।
প্রশ্ন ঃ কার শাসন আমলে হাদীস গ্রন্থবদ্ধ করার সরকারী নির্দেশ দেয়া হয় ?
উত্তর ঃ হযরত উমর বিন আবদুল আজিজ (রহ) এর শাসন আমলে।
প্রশ্ন ঃ হিজরী কোন শতাব্দী হাদীস চর্চার স্বর্ণ যুগ ?
উত্তর ঃ হিজরী তৃতীয় শতাব্দী।
প্রশ্ন ঃ সিহা সিত্তাহ' কি ?
উত্তর ঃ ছয়টি সহীহ হাদীস গ্রন্থ, যথা- (১) সহীহ আল বুখারী, (২) সহীহ আল মুসলিম, (৩) জামে' আত্ তিরমিযী, (৪) সুনানে আবু দাউদ, (৫) সুনানে নাসায়ী, (৬) সুনানে ইবনে মাযাহ।
প্রশ্ন ঃ সহীহ আল বুখারীর লেখক কে ?
উত্তর ঃ আবু আবদুল্লাহ মুহাম্মদ ইবনে ইসমাইল আল বুখারী।
প্রশ্ন ঃ ইমাম বুখারী কোথায় জন্মগ্রহণ করেন ?
উত্তর ঃ উজবেকিস্তানের বোখারা নগরে।



www.pathagar.org

প্রশ্ন ঃ তিনি কত বছর বয়সে কুরআন মুখস্ত করেন ?

উত্তর ঃ মাত্র ছয় বছর বয়সে ।

প্রশ্ন ঃ প্রধান হাদীস সংগ্রহকারী কে ?

উত্তর ঃ ইমাম বুখারী (রহঃ) ।

প্রশ্ন ঃ ইমাম বুখারীর মুখস্থ হাদীসের সংখ্যা কত ?

উত্তর ঃ ছয় লক্ষ ।

প্রশ্ন ঃ ইমাম মুসলিমের পূর্ণ নাম কি ?

উত্তর ঃ আবুল হাসান মুসলিম ইবনে হাজ্জাজ আল কুশাইর-আন-নিশাপুরী ।

# চতুর্থ পরিচ্ছেদ

# ঈমান

প্রশ্ন ঃ ঈমান অর্থ কী ?

উত্তর ঃ ঈমান অর্থ বিশ্বাস ।

প্রশ্ন ঃ যারা ঈমান গ্রহণ করে তাদেরকে কি বলে ?

উত্তর ঃ মুমীন ।

প্রশ্ন ঃ ঈমানের মূল ভিত্তি কী?

উত্তর ঃ কালিমায়ে তাইয়্যেবা ।

প্রশ্ন ঃ কালিমায়ে তাইয়্যেবা কী?

উত্তর ঃ লা ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূসুল্লাহ ।

প্রশ্ন ঃ ঈমানের মৌলিক বিষয়সমূহ কী কী?

উত্তর ঃ ঈমানের মৌলিক বিষয় সাতটি, যথা-

(১) আল্লাহর প্রতি বিশ্বাস ।

(২) আল্লাহর ফিরিশতাদের প্রতি বিশ্বাস ।

(৩) আল্লাহর অবতীর্ণ কিতাবসমূহের প্রতি বিশ্বাস ।

(৪) আল্লাহর প্রেরিত নবী ও রাসূলগণের প্রতি বিশ্বাস ।

(৫) আখিরাত বা পরকালের প্রতি বিশ্বাস ।

(৬) তাকদীরের ভালমন্দের প্রতি বিশ্বাস ।

(৭) মৃত্যুর পর পুনরুত্থানের প্রতি বিশ্বাস ।

প্রশ্ন ঃ তাওহীদ অর্থ কী?

উত্তর ঃ আল্লাহর একত্ববাদ অর্থাৎ আল্লাহকে তাঁর সত্তা' অধিকার ও গুণাবলীতে একক এবং একমাত্র ইলাহ হিসেবে স্বীকার করা ।



www.pathagar.org

প্রশ্ন ঃ নবী রাসূলগণ মানুষকে কোন দিকে দাওয়াত দিয়েছেন ?
উত্তর ঃ তাওহীদের দিকে ।
প্রশ্ন ঃ সকল কিছু সৃষ্টি করেছেন কে ?
উত্তর ঃ আল্লাহ্ তায়ালা
প্রশ্ন ঃ সকল ক্ষমতার মালিক কে ?
উত্তর ঃ আল্লাহ্ তায়ালা ।
প্রশ্ন ঃ আল্লাহর গুণবাচক নাম কতটি ?
উত্তর ঃ ৯৯টি ।
প্রশ্ন ঃ শিরক অর্থ কী ?
উত্তর ঃ অংশীদারী, আল্লাহর সাথে অন্য কিছুকে অংশীদার করা ।
প্রশ্ন ঃ যে শিরক করে তাকে কি বলে ?
উত্তর ঃ মুশরিক ।
প্রশ্ন ঃ ফিরিশতা কী ?
উত্তর ঃ আল্লাহর বিশেষ সৃষ্টি, নূর বা আলোর তৈরি; তাঁরা সব সময় আল্লাহর ইবাদতে মশগুল থাকেন ।
প্রশ্ন ঃ প্রধান ফিরিশতা কয়জন ও তাঁদের নাম কী কী ?
উত্তর ঃ ৪ জন, যথা-
(১) হযরত জিবরাঈল (আ)
(২) হযরত মিকাঈল (আ)
(৩) হযরত আজরাঈল (আ)
(৪) হযরত ইসরাফিল (আ)
প্রশ্ন ঃ নবী রাসূলদের নিকট আল্লাহর কালাম নিয়ে আসেন কোন ফিরিশতা ?
উত্তর ঃ জিবরাঈল (আ) ।
প্রশ্ন ঃ মিকাঈল (আ) কী করেন ?
উত্তর ঃ মেঘ-বৃষ্টি পরিচালনা এবং জীবন-জীবিকা বন্টন করেন ।
প্রশ্ন ঃ আজরাঈল (আ) কী করেন ?
উত্তর ঃ আল্লাহর আদেশে সমস্ত জীবের প্রাণ বের করেন ।
প্রশ্ন ঃ আজরাঈলের (আঃ) অপর নাম কী ?
উত্তর ঃ মালাকুল মাওত ।
প্রশ্ন ঃ ইসরাফিল (আঃ) কী করেন?


www.pathagar.org

উত্তর ঃ আল্লাহর আদেশে শিঙ্গায় ফুঁ দেয়ার অপেক্ষায় রয়েছেন।

প্রশ্ন ঃ কোন ফিরিশতা মৃত্যুর পর মানুষকে প্রশ্ন করেন ?

উত্তর ঃ মুনকার ও নাকীর।

প্রশ্ন ঃ আখিরাত অর্থ কী ?

উত্তর ঃ মৃত্যুর পর অনন্ত অসীম জীবনে মানুষের অবস্থানকে আখিরাত বা পরকাল বলে। কবর আখিরাতের প্রথম মনযিল। পুনরুত্থান, হাশর, মিযান, পুলছিরাত, জান্নাত, জাহান্নাম এর পরিধি।

প্রশ্ন ঃ কিয়ামত কী ?

উত্তর ঃ যে দিন বিশ্বজগত ধ্বংস হয়ে যাবে সে দিনের নাম কিয়ামত।

প্রশ্ন ঃ জান্নাত অর্থ কী?

উত্তর ঃ চিরন্তন সুখের স্থান যা আল্লাহ্ রাব্বুল আলামীন তাঁর অনুগত বান্দাদের জন্য নির্দিষ্ট করে রেখেছেন এবং যা আখেরাতের চূড়ান্ত বিচারের পর দেয়া হবে।

প্রশ্ন ঃ জান্নাত কয়টি ও কী কী?

উত্তর ঃ ৮টি, যথা- (১) জান্নাতুল ফিরদাউস (২) জান্নাতুল আদ্‌ন (৩) জান্নাতুল খুল্‌দ (৪) জান্নাতুন নাঈম (৫) জান্নাতুল মাওয়া (৬) দারুস সালাম
(৭) দারুল কারার (৮) দারুল মাকাম।

প্রশ্ন ঃ জাহান্নাম কয়টি ও কী কী?

উত্তর ঃ ৭টি, যথ- (১) হাবিয়া (২) জাহীম (৩) সাকার (৪) সাঈর
(৫) লাজা (৬) হুতামাহ (৭) জাহান্নাম।



www.pathagar.org

# পঞ্চম পরিচ্ছেদ
# ইবাদাত

প্রশ্ন ঃ ইবাদাত অর্থ কী ?

উত্তর ঃ দাসত্ব, আনুগত্য।

প্রশ্ন ঃ আল্লাহ তায়ালা মানুষ ও জ্বীন জাতিকে কি উদ্দেশ্যে সৃষ্টি করেছেন?

উত্তর ঃ একমাত্র আল্লাহর ইবাদাতের উদ্দেশ্যে।

প্রশ্ন ঃ সালাত কী ?

উত্তর ঃ অন্যতম মৌলিক ইবাদাত, যা আল্লাহ রাব্বুল আলামীন দৈনিক ৫ বার বান্দার উপর ফরয করেছেন।

প্রশ্ন ঃ কখন থেকে পাঁচ ওয়াক্ত সালাত ফরজ হয় ?

উত্তর ঃ নুবুয়াতের দশম বছর থেকে।

প্রশ্ন ঃ সালাতের ওয়াক্ত কয়টি ও কী কী?

উত্তর ঃ পাঁচটি ওয়াক্ত, যথা-(১) ফজর (২) যুহর (৩) আছর (৪) মাগরিব (৫) ঈশা।

প্রশ্ন ঃ সালাত কায়েমের জন্য আল্লাহ কুরআনে কতবার তাকিদ দিয়েছেন?

উত্তর ঃ ৮২ বার।

প্রশ্ন ঃ কত বছর বয়স থেকে সালাত আদায়ের জন্য রাসূল (সঃ) উদ্বুদ্ধ করতে বলেছেন ?

উত্তর ঃ ৭ বছর বয়স থেকে।

প্রশ্ন ঃ কত বছর বয়স থেকে সালাত আদায় করার তাগিদ দিতে বলেছেন?

উত্তর ঃ ১০ বছর বয়স থেকে।

প্রশ্ন ঃ আমরা কোন দিকে কিবলা করে সালাত আদায় করি ?

উত্তর ঃ কাবা শরীফের দিকে।

প্রশ্ন ঃ সালাতের ফরজ কয়টি ?

উত্তর ঃ তেরটি।

প্রশ্ন ঃ সাওম কী ?

উত্তর ঃ শাব্দিক অর্থ বিরত থাকা বা পরিত্যাগ করা। সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত খানা-পিনা ইত্যাদি কাজ থেকে বিরত থাকাকে সাওম বলে।

প্রশ্ন ঃ সাওম কতদিন ফরয?

উত্তর ঃ পূর্ণ রামযান মাস।



www.pathagar.org

প্রশ্ন : সাওমের সময়সীমা উল্লেখ কর।
উত্তর : সুবহে সাদিক হতে সূর্যাস্ত পর্যন্ত।
প্রশ্ন : সিয়াম ফরজ করার উদ্দেশ্য কী ?
উত্তর : তাকওয়া অর্জন করা।
প্রশ্ন : তাকওয়া অর্থ কী?
উত্তর : আল্লাহর ভয়।
প্রশ্ন : যাকাত কী ?
উত্তর : যাকাত একটি আর্থিক ইবাদাত। প্রত্যেক সাহেবে নিসাব মুসলমান তার মালের একটা নির্দিষ্ট-নির্ধারিত অংশ শরীয়ত নির্ধারিত নিয়মে নির্ধারিত খাতসমূহে প্রদান করাকে যাকাত বলে।
প্রশ্ন : কি পরিমাণ সম্পদ থাকলে যাকাত দিতে হয়? সাহেবে নিসাব বলতে কি বুঝায় ?
উত্তর : কমপক্ষে সাড়ে সাত তোলা সোনা অথবা সাড়ে বায়ান্না তোলা রূপা অথবা সমপরিমাণ মূল্যের সম্পদ পূর্ণ এক বছর যার কাছে সঞ্চিত থাকে তিনিই সাহেবে নিসাব বা যাকাত দেয়ার উপযুক্ত ব্যক্তি।
প্রশ্ন : যাকাতের হার কত?
উত্তর : শতকরা আড়াই টাকা অর্থাৎ চল্লিশ ভাগের একভাগ।
প্রশ্ন : হজ্জ শব্দের অর্থ কী ?
উত্তর : শাব্দিক অর্থ ইচ্ছা করা, সংকল্প করা। শরীয়তের পরিভাষায় নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট কার্যাবলীর মাধ্যমে কাবা শরীফ ও নির্দিষ্ট স্থানে প্রদক্ষিণ এবং আরাফায় অবস্থান করাকে হজ্জ বলে।
প্রশ্ন : হজ্জের সময় কখন ?
উত্তর : যিলহজ্জ মাসের ৮ থেকে ১২ তারিখ।
প্রশ্ন : হজ্জ কাদের জন্য ফরজ ?
উত্তর : প্রত্যেক সুস্থ ধনী লোকদের জন্য জীবনে একবার হজ্জ করা ফরয।
প্রশ্ন : হজ্জের ফরজ কয়টি ও কী কী?
উত্তর : তিনটি, যথা- (১) ইহরাম বাঁধা (২) আরাফাতের ময়দানে অবস্থান করা (৩) বায়তুল্লাহকে তাওয়াফ করা।
প্রশ্ন : হজ্জের সময় কোন কোন পর্বতের মধ্যে কতবার দৌড়াতে হয় ?
উত্তর : সাফা ও মারওয়া পর্বতের মধ্যে, সাতবার।
প্রশ্ন : হজ্জের সময় কোথায় কুরবানী দিতে হয় ?
উত্তর : মিনায়।
প্রশ্ন : হজ্বে প্রথম কাজ কী ?
উত্তর : ইহরাম বাঁধা।


www.pathagar.org

# পঞ্চম অধ্যায়
# ইসলামের ইতিহাস

## প্রথম পরিচ্ছেদ
## নবী - রাসূল

প্রশ্ন ঃ প্রথম নবী কে ছিলেন ?
উত্তর ঃ হযরত আদম (আ)।
প্রশ্ন ঃ সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ রাসূল কে ছিলেন ?
উত্তর ঃ হযরত মুহাম্মদ (সা)।
প্রশ্ন ঃ আমরা কোন নবীর অনুসারী বা উম্মত ?
উত্তর ঃ হযরত মুহাম্মদ (সা) এর উম্মত বা অনুসারী।
প্রশ্ন ঃ যাঁদের উপর কিতাব অবতীর্ণ হয়েছে তাঁদেরকে কী বলা হয় ?
উত্তর ঃ রাসূল।
প্রশ্ন ঃ প্রধান আসমানী কিতাবের সংখ্যা কয়টি ?
উত্তর ঃ চার খানা।
প্রশ্ন ঃ পবিত্র কুরআনে কতজন নবী-রাসূলের নাম উল্লেখ করা হয়েছে ?
উত্তর ঃ ২৫ জন।
প্রশ্ন ঃ মানুষ কার মাধ্যমে সকল কিছুর নাম শিখেছে ?
উত্তর ঃ হযরত আদম (আ) এর মাধ্যমে।
প্রশ্ন ঃ হযরত আদম (আ) কত বছর পৃথিবীতে বেঁচে ছিলেন ?
উত্তর ঃ ৯৬০ বছর।
প্রশ্ন ঃ মুসলিম জাতির পিতা কে ?
উত্তর ঃ হযরত ইব্রাহিম (আ)।
প্রশ্ন ঃ কোন নবীর আমল থেকে বর্তমান কোরবানী প্রথা শুরু হয় ?
উত্তর ঃ হযরত ইব্রাহিম (আ)।
প্রশ্ন ঃ রুহুল্লাহ কার উপাধি ?
উত্তর ঃ হযরত ঈসা (আ) এর।
প্রশ্ন ঃ কোন নবীর মিষ্টি সুরে আল্লাহর বাণী পাঠ শুনে মাছ মুগ্ধ হয়ে যেত?
উত্তর ঃ হযরত দাউদ (আ)।
প্রশ্ন ঃ কোন নবীকে তাঁর ভাইয়েরা কূপে ফেলে দিয়েছিল ?
উত্তর ঃ হযরত ইউসুফ (আ)কে।
প্রশ্ন ঃ যাঁদের পিতা ছিল না এমন দু'জন নবীর নাম কী ?
উত্তর ঃ হযরত আদম (আ) ও ঈসা (আ)।



www.pathagar.org

# দ্বিতীয় পরিচ্ছেদ
## হযরত মুহাম্মদ (সা)

প্রশ্ন ঃ আমাদের নবীর নাম কী ?
উত্তর ঃ হযরত মুহাম্মদ (সা)।
প্রশ্ন ঃ হযরত মুহাম্মদ (সা) কত খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করেন ?
উত্তর ঃ ৫৭০ খ্রীষ্টাব্দে।
প্রশ্ন ঃ তাঁর পিতার নাম কী ?
উত্তর ঃ আবদুল্লাহ।
প্রশ্ন ঃ তাঁর মাতার নাম কী ?
উত্তর ঃ আমিনা।
প্রশ্ন ঃ তাঁর পিতা কখন মারা যান ?
উত্তর ঃ হযরত মুহাম্মদ (সা) এর জন্মের পূর্বেই।
প্রশ্ন ঃ কত বছর বয়সে তাঁর মাতা মারা যান ?
উত্তর ঃ ৬ বছর বয়সে ।
প্রশ্ন ঃ তিনি কোথায়, কোন বংশে জন্মগ্রহণ করেন ?
উত্তর ঃ মক্কা নগরীতে, কুরাইশ বংশে।
প্রশ্ন ঃ তাঁর দুধ মার নাম কী ?
উত্তর ঃ হালিমা।
প্রশ্ন ঃ তাঁর দাদার নাম কী ?
উত্তর ঃ আবদুল মোত্তালিব।
প্রশ্ন ঃ কত বছর বয়সে তিনি তাঁর দাদাকে হারান ?
উত্তর ঃ ৮ বছর বয়সে।
প্রশ্ন ঃ তাঁর চাচার নাম কী?
উত্তর ঃ আবু তালিব।
প্রশ্ন ঃ বাল্যকালে মুহাম্মদ (সা) কি নামে পরিচিত ছিলেন ?
উত্তর ঃ আল আমীন এবং আস্ সাদিক।
প্রশ্ন ঃ কত বছর বয়সে তিনি খাদিজাকে বিবাহ করেন ?
উত্তর ঃ ২৫ বছর বয়সে।
প্রশ্ন ঃ কত বছর বয়সে তিনি হিলফুল ফুযুল গঠন করেন ?
উত্তর ঃ ষোল বা সতের বছর বয়সে।
প্রশ্ন ঃ হিলফুল ফুযুল’ কী ?



www.pathagar.org

উত্তর ঃ শান্তি সংঘ।
প্রশ্ন ঃ তিনি কোথায় ধ্যানমগ্ন থাকতেন ?
উত্তর ঃ হেরা পর্বতের গুহায়।
প্রশ্ন ঃ আল্লাহ তায়ালা সর্বপ্রথম হযরত মুহাম্মদ (সা)কে কী করতে আদেশ করলেন?
উত্তর ঃ ইকরা (পড়)।
প্রশ্ন ঃ হযরত মুহাম্মদ (সা) কবে মদীনায় হিজরাত করেন ?
উত্তর ঃ নবুয়্যত লাভের তের বছরের সময়, ৬২২ খ্রীষ্টাব্দে।
প্রশ্ন ঃ হযরত (সা) এর সবচেয়ে বড় মু'জিযা কী ?
উত্তর ঃ আল কুরআন।
প্রশ্ন ঃ হযরত মুহাম্মদ (সা) নিজে কোন মসজিদ তৈরি করেছেন ?
উত্তর ঃ মসজিদে নববী।
প্রশ্ন ঃ মহানবী (সা) স্বয়ং কয়টি যুদ্ধে অংশগ্রহণ করেছেন ?
উত্তর ঃ ১৭টি যুদ্ধে।
প্রশ্ন ঃ মহানবী (সা) যখন মদীনায় হিজরাত করেন তখন তাঁর বয়স ছিল কত?
উত্তর ঃ ৫৩ বছর।
প্রশ্ন ঃ মহানবী(সা) হিজরাতের সময় কোন গুহায় আশ্রয় নিয়েছিলেন ?
উত্তর ঃ ছাওর পাহাড়ের গুহায়।
প্রশ্ন ঃ গুহায় মহানবীর সাথে কে ছিলেন ?
উত্তর ঃ হযরত আবুবকর (রা)।
প্রশ্ন ঃ হযরত মুহাম্মদ (সা) কখন দৈনিক ৫ বার সালাত আদায়ের আদেশ প্রাপ্ত হয়েছিলেন ?
উত্তর ঃ মি'রাজের সময়।
প্রশ্ন ঃ মি'রাজ শব্দের অর্থ কী ?
উত্তর ঃ ঊর্ধ্বলোকে গমন।
প্রশ্ন ঃ কার সাথে মহানবী (সা) মি'রাজ গমন করেন ?
উত্তর ঃ হযরত জিবরাঈল (আ) এর সাথে।
প্রশ্ন ঃ মি'রাজ কখন সংগঠিত হয় ?
উত্তর ঃ নবুয়্যতের দ্বাদশ বছরে (৬২০ খ্রীঃ) ২৭ রজবের রাত্রে।
প্রশ্ন ঃ হুদাইবিয়ার সন্ধি কত হিজরীতে স্বাক্ষরিত হয় ?
উত্তর ঃ ষষ্ঠ হিজরীতে (৬২৮ খ্রীঃ)।
প্রশ্ন ঃ এ সন্ধির লেখক কে ?
উত্তর ঃ হযরত আলী (রা)।
প্রশ্ন ঃ মহানবী (সা) এর পালক পুত্র কে ছিলেন ?
উত্তর ঃ হযরত যায়িদ ইবনে হারিসা।
প্রশ্ন ঃ মহানবী (সা) কোথায় বিদায় হজ্বের ভাষণ দিয়েছিলেন ?
উত্তর ঃ আরাফাত ময়দানে।



www.pathagar.org

# তৃতীয় পরিচ্ছেদ
# খুলাফা-ই-রাশিদাহ্

প্রশ্ন ঃ খুলাফা-ই-রাশিদাহ্ অর্থ কী?
উত্তর ঃ সৎপথগামী প্রতিনিধিগণ।
প্রশ্ন ঃ খুলাফা-ই-রাশিদাহ্ কয় জন ?
উত্তর ঃ ৪ জন।
প্রশ্ন ঃ খুলাফা-ই-রাশিদাহ্র নামগুলো কী কী?
উত্তর ঃ (১) হযরত আবু বকর (রা), (২) হযরত ওমর (রা), (৩) হযরত উসমান (রা), (৪) হযরত আলী (রা)।
প্রশ্ন ঃ খুলাফা-ই-রাশিদাহ্ কত বছর ইসলামী রাষ্ট্রের শাসনকার্য পরিচালনা করেছেন?
উত্তর ঃ ৩০ বছর।
প্রশ্ন ঃ খুলাফা-ই-রাশিদাহ্র প্রথম খলিফা কে ?
উত্তর ঃ হযরত আবু বকর (রা)।
প্রশ্ন ঃ হযরত আবু বকর (রা) এর আসল নাম কী ?
উত্তর ঃ আবদুল্লাহ।
প্রশ্ন ঃ হযরত আবু বকর কিসের ব্যবসা করতেন ?
উত্তর ঃ কাপড়ের।
প্রশ্ন ঃ হযরত আবু বকর (রা) কোন উপাধিতে অধিক পরিচিত ছিলেন ?
উত্তর ঃ সিদ্দিক।
প্রশ্ন ঃ তাবুক অভিযানের সময় কে তাঁর যথা সর্বস্ব দান করেছিলেন ?
উত্তর ঃ হযরত আবু বকর (রা)।
প্রশ্ন ঃ মহানবী (সঃ) তার জীবনের শেষ তিন দিনের জন্য তাঁর স্থলে কাকে ইমামতি করার আদেশ দিয়েছিলেন ?
উত্তর ঃ হযরত আবু বকর (রা) কে।
প্রশ্ন ঃ কার সময়ে কুরআন সংকলন পরিষদ গঠিত হয় ?
উত্তর ঃ হযরত আবু বকর (রা) এর সময়ে।
প্রশ্ন ঃ পুরুষদের মধ্যে সর্বপ্রথম কে ইসলাম গ্রহণ করেন ?
উত্তর ঃ হযরত আবু বকর (রা)।
প্রশ্ন ঃ কোন সূরার আয়াত শ্রবণে হযরত উমর (রা) এর মন প্রাণ বিগলিত হয়েছিল এবং তিনি ইসলাম কবুল করেছিলেন ?
উত্তর ঃ সূরা ত্বোয়া-হা।



www.pathagar.org

প্রশ্ন ঃ ইসলাম কবুল করার সময় হযরত ওমর (রা) এর বয়স কত ছিল ?
উত্তর ঃ ৩৩ বছর।
প্রশ্ন ঃ হযরত উমর (রা) ইসলাম গ্রহণ করার পর মহানবী (সা) তাঁকে কি উপাধিতে ভূষিত করেন ?
উত্তর ঃ ফারুক।
প্রশ্ন ঃ 'ফারুক' শব্দের অর্থ কী ?
উত্তর ঃ সত্য-মিথ্যার প্রভেদকারী।
প্রশ্ন ঃ কার ইসলাম গ্রহণের পর থেকে কাবাগৃহের প্রাঙ্গনে প্রকাশ্যভাবে সালাত আদায় শুরু হয় ?
উত্তর ঃ হযরত উমর (রা) এর।
প্রশ্ন ঃ হযরত উমর (রা) কোন সালে মুসলিম জাহানের খলিফা নিযুক্ত হন ?
উত্তর ঃ ৬৩৪ সালে।
প্রশ্ন ঃ হিজরী সাল গণনার প্রবর্তনকারী কে ?
উত্তর ঃ হযরত উমর (রা)।
প্রশ্ন ঃ কোন শাসক নিজের মাথায় খাদ্যের বস্তা বহন করে ক্ষুধার্ত প্রজাদের বাড়ি বাড়ি পৌঁছে দিতেন ?
উত্তর ঃ হযরত উমর (রা)।
প্রশ্ন ঃ মুসলিম জাহানের তৃতীয় খলিফার নাম কী ?
উত্তর ঃ হযরত উসমান (রা)।
প্রশ্ন ঃ 'যিননুরাইন' কার উপাধি ?
উত্তর ঃ হযরত উসমান (রা) এর।
প্রশ্ন ঃ জামিউল কুরআন কাকে বলা হয় ?
উত্তর ঃ হযরত উসমান (রা)কে।
প্রশ্ন ঃ হযরত আলী (রা) কত বছর বয়সে ইসলাম গ্রহণ করেন ?
উত্তর ঃ ১০ বছর বয়সে।
প্রশ্ন ঃ হিজরাতের রাত্রিতে শত্রু পরিবেষ্টিত গৃহে মহানবী (সঃ) এর বিছানায় কে শায়িত ছিলেন ?
উত্তর ঃ হযরত আলী (রা)।
প্রশ্ন ঃ মহানবী (সা) এর কোন কন্যাকে হযরত আলী (রা) বিবাহ করেছিলেন?
উত্তর ঃ ফাতিমা (রা)।
প্রশ্ন ঃ মহানবী (সা) হযরত আলীর অনন্য অসাধারণ বীরত্বের জন্য তাঁকে কী উপাধিতে ভূষিত করেন ?
উত্তর ঃ আসাদুল্লাহ (আল্লাহর বাঘ)।



www.pathagar.org

# চতুর্থ পরিচ্ছেদ
# ইসলামী ব্যক্তিত্ব

প্রশ্ন ঃ রাসূল (সা) কাকে "কুরআনের ভাষ্যকার" উপাধি দিয়েছিলেন ?
উত্তর ঃ আবদুল্লাহ বিন আব্বাস (রা)কে।
প্রশ্ন ঃ সাইফুল্লাহ কার উপাধি এবং এর অর্থ কী ?
উত্তর ঃ খালিদ বিন ওয়ালিদের; আল্লাহর তলোয়ার।
প্রশ্ন ঃ দু'জন সাহাবী কবির নাম কী ?
উত্তর ঃ হযরত কাব বিন যুহাইর ও হাস্‌সান বিন সাবিত।
প্রশ্ন ঃ রাসূল (সা) এর সর্বকনিষ্ঠ সাহাবীর নাম কী ?
উত্তর ঃ হযরত রাকী (রা)।
প্রশ্ন ঃ ইসলামের প্রথম মুয়াযযিন কে ?
উত্তর ঃ হযরত বিলাল (রা)।
প্রশ্ন ঃ রাসূল (সা) মদীনায় হিজরাতের পর কার মেহমান হলেন ?
উত্তর ঃ আবু আইউব আনসারী (রা)এর।
প্রশ্ন ঃ মহিলাদের মধ্যে কে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেন ?
উত্তর ঃ হযরত খাদিজা (রা)।
প্রশ্ন ঃ ফিক্‌হ শাস্ত্রের আবিষ্কারক কে ?
উত্তর ঃ ইমাম আবু হানীফা (রহ)।
প্রশ্ন ঃ ইমাম আবু হানীফার প্রকৃত নাম কী ?
উত্তর ঃ নোমান বিন সাবিত।
প্রশ্ন ঃ ইমাম শাফিঈ (রহ) এর পূর্ণ নাম কী ?
উত্তর ঃ আবু আবদুল্লাহ মুহাম্মদ বিন ইদ্রীস বিন উসমান বিন শাফিঈ আল মুত্তালেবী।
প্রশ্ন ঃ কত বছর বয়সে তিনি কুরআন মাজীদ ও মুয়াত্তা মুখস্ত করেন ?
উত্তর ঃ মাত্র ১০ বছর বয়সে।
প্রশ্ন ঃ কার শাসনকালে তিনি নাজরান প্রদেশের শাসনকর্তা নিযুক্ত হন ?
উত্তর ঃ খলিফা-হারুনুর-রশীদের শাসনকালে।
প্রশ্ন ঃ ইমাম মালিক কত হিজরীতে কোথায় জন্মগ্রহণ করেন ?
উত্তর ঃ ৯৩ হিজরীতে মদীনায়।
প্রশ্ন ঃ তাঁর রচিত প্রসিদ্ধ গ্রন্থটির নাম কী ?
উত্তর ঃ মুয়াত্তা-ই-ইমাম মালিক।



www.pathagar.org

প্রশ্ন ঃ ইমাম আহমদের পূর্ণ নাম কী ?
উত্তর ঃ আবু আবদুল্লাহ আহমদ বিন মুহাম্মদ বিন হাম্বল বিন হেলাল।
প্রশ্ন ঃ তিনি কত সালে কোথায় জন্মগ্রহণ করেন ?
উত্তর ঃ হিজরী ১৬৪ সালে, বাগদাদে।
প্রশ্ন ঃ হযরত শাহজালাল কোথাকার অধিবাসী ছিলেন ?
উত্তর ঃ তুরস্কের।
প্রশ্ন ঃ হযরত শাহজালাল কতজন সংগী নিয়ে রাজা গৌর গোবিন্দের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন ?
উত্তর ঃ ৩১৩ জন।
প্রশ্ন ঃ রাজা গৌর গোবিন্দের বিরুদ্ধে কে অস্ত্র ধরেন ?
উত্তর ঃ হযরত শাহজালাল এবং সেকান্দর গাজী।

# ধর্ম ও ধর্মগ্রন্থ

প্রশ্ন ঃ খ্রিস্টানদের ধর্মগ্রন্থের নাম কী ?
উত্তর ঃ বাইবেল।
প্রশ্ন ঃ অভিশপ্ত জাতি কারা ?
উত্তর ঃ ইহুদী জাতি।
প্রশ্ন ঃ মুসলমানদের প্রথম কিবলা মসজিদুল আকসা কাদের দখলে আছে?
উত্তর ঃ ইহুদীদের দখলে।
প্রশ্ন ঃ বৌদ্ধ ধর্মের প্রবর্তক কে ?
উত্তর ঃ গৌতম বুদ্ধ।
প্রশ্ন ঃ বৌদ্ধদের ধর্মগ্রন্থের নাম কী ?
উত্তর ঃ ত্রিপিটক।
প্রশ্ন ঃ শিখ ধর্মের প্রবর্তক কে ?
উত্তর ঃ গুরু নানক।
প্রশ্ন ঃ হিন্দু ধর্মের প্রধান ধর্মগ্রন্থ কী ?
উত্তর ঃ বেদ।
প্রশ্ন ঃ রামায়ন কে রচনা করেন ?
উত্তর ঃ বাল্মিকি।
প্রশ্ন ঃ মহাভারত কে রচনা করেন ?
উত্তর ঃ কালীদাস।



www.pathagar.org

# ষষ্ঠ অধ্যায়
# মুসলিম দুনিয়া

## প্রথম পরিচ্ছেদ
## ঐতিহাসিক স্থান, নিদর্শন

প্রশ্ন ঃ মুসলমানদের প্রথম কিবলা কোনটি ?
উত্তর ঃ বায়তুল মাকদিস।
প্রশ্ন ঃ পবিত্র কুরআনে মক্কা শরীফকে কী বলা হয়েছে ?
উত্তর ঃ উম্মুল ক্বোরা-বা আদি নগরী।
প্রশ্ন ঃ দারুন নদওয়া কী ?
উত্তর ঃ কুরাইশদের মন্ত্রণা গৃহ।
প্রশ্ন ঃ মসজিদে নববী কী দিয়ে নির্মাণ করা হয়েছিল ?
উত্তর ঃ খেজুর পাতা ও মাটির দেয়াল দিয়ে।
প্রশ্ন ঃ ইসলামের সর্বপ্রথম গৃহের নাম কী ?
উত্তর ঃ কাবা শরীফ।
প্রশ্ন ঃ হাজরে আসওয়াদ কী ?
উত্তর ঃ এটা বেহেশতের একটি পাথর। কাবা গৃহের কোণে স্থাপিত।
প্রশ্ন ঃ পৃথিবীর বৃহত্তম মসজিদ কোনটি এবং কোথায় ?
উত্তর ঃ মরক্কোর কাসাব্লাংকার ভাসমান মসজিদ।
প্রশ্ন ঃ মসজিদুল আকসার নিয়ন্ত্রণ বর্তমানে কাদের হাতে ?
উত্তর ঃ ইহুদীদের হাতে।
প্রশ্ন ঃ বাবরী মসজিদ কার নির্দেশে নির্মিত হয় ?
উত্তর ঃ মোঘল সম্রাট বাবরের নির্দেশে।
প্রশ্ন ঃ কখন এবং কারা বাবরী মসজিদ ধ্বংস করে ?
উত্তর ঃ ৬ ডিসেম্বর '৯২ সালে ভারতের উগ্র হিন্দুরা।
প্রশ্ন ঃ দিল্লীর লাল কেল্লা কে তৈরি করেন ?
উত্তর ঃ সম্রাট শাহজাহান।
প্রশ্ন ঃ ষাট গম্বুজ মসজিদ কে নির্মাণ করেন ?
উত্তর ঃ খান জাহান আলী।


www.pathagar.org

# দ্বিতীয় পরিচ্ছেদ

## মুসলিম দেশ পরিচিতি

## [ও. আই. সি'র সদস্য রাষ্ট্র]

| দেশের নাম | রাজধানী | দেশের নাম | রাজধানী |
|---|---|---|---|
| বাংলাদেশ | ঢাকা | আফগানিস্তান | কাবুল |
| পাকিস্তান | ইসলামাবাদ | আলজিরিয়া | আলজিয়ার্স |
| বারকিনা ফাসো | ওয়াগাডোগা | আলবেনিয়া | তিরানা |
| আজারবাইজান | বাকু | আরব আমিরাত | আবুধাবী |
| ইয়েমেন | সান'আ | ইরান | তেহরান |
| ইরাক | বাগদাদ | ইন্দোনেশিয়া | জাকার্তা |
| উজবেকিস্তান | তাসখন্দ | ওমান | মাস্কট |
| কুয়েত | কুয়েত সিটি | কাতার | দোহা |
| কাজাকিস্তান | আলমাআতা | কিরঘিজিস্তান | বিসবেক |
| ক্যামেরুন | ইয়াউন্ডে | কমরো দ্বীপপুঞ্জ | মরোনী |
| গাম্বিয়া | বানজুল | গ্যাবন | লিভারবিল |
| গিনি | কোনাক্রি | গিনি বিসাউ | বিসাউ |
| চাদ | এনজামেনা | চেচনিয়া | গ্রোজনী |
| জর্ডান | আম্মান | জিবুতি | জিবুতি সিটি |
| তিউনিসিয়া | তিউনিস | তুরস্ক | আংকারা |
| তাঞ্জানিয়া | দারুসসালাম | নাইজার | নিয়ামী |
| নাইজেরিয়া | লাগোস | বাহরাইন | মানামা |
| ব্রুনাই | বন্দর সেরিবেগাওয়ান | বসনিয়া হার্জেগোবিনা | সারায়েভো |
| মরক্কো | রাবাত | মালি | বামাকো |
| মালয়েশিয়া | কুয়ালালামপুর | মালদ্বীপ | মালে |
| তাজিকিস্তান | দুশানবে | তুর্কমেনিস্তান | আশাখাবাদ |
| মিশর | কায়রো | মৌরিতানিয়া | নোয়াকচট |
| সেনেগাল | ডাকার | সিয়েরালিয়ন | ফ্রিটাউন |
| সিরিয়া | দামেস্ক | সুদান | খার্তুম |
| সোমালিয়া | মোগাদিসু | সৌদি আরব | রিয়াদ |
| লিবিয়া | ত্রিপোলী | লেবানন | বৈরুত |
| ফিলিস্তিন | জেরুজালেম | জাঞ্জিবার | জাঞ্জিবার সিটি |
| ইরিত্রিয়া | আসমারা | | |



www.pathagar.org

# তৃতীয় পরিচ্ছেদ
# সংস্থা

প্রশ্ন : ও,আই,সি কী এবং কবে গঠিত হয় ?

উত্তর : অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন, Organisation of Islami Co-operation. ২৫ সেপ্টেম্বর ১৯৬৯।

প্রশ্ন : ও,আই,সি এর সদস্য সংখ্যা কত ?

উত্তর : ৫৭টি মুসলিম রাষ্ট্র।

প্রশ্ন : ও,আই,সি গঠিত হওয়ার কারণ কী ?

উত্তর : ইয়াহুদী কর্তৃক মসজিদুল আকসার অপমান ও অগ্নি সংযোগ।

প্রশ্ন : ও,আই,সি'র প্রথম মহাসচিব কে ?

উত্তর : টিংকু আবদুর রহমান।

প্রশ্ন : ও,আই,সি'র বর্তমান চেয়ারম্যান কে ?

উত্তর : তুরস্কের প্রেসিডেন্ট নাজিব তাইয়্যেব ইরদোগান

প্রশ্ন : ও,আই,সি'র বর্তমান সেক্রেটারী জেনারেল কে ?

উত্তর : ইউসুফ আর ওয়াইসিন

প্রশ্ন : রাবেতা আল-আলম-আল ইসলামী কত সালে কোথায় প্রতিষ্ঠিত হয়?

উত্তর : ১৯৬২ সালে, মক্কা নগরীতে।

প্রশ্ন : এ সংস্থা কত সালে বাংলাদেশে কর্মতৎপরতা শুরু করে ?

উত্তর : ১৯৭৮ সালে।

প্রশ্ন : এর কেন্দ্রীয় কার্যালয় কোথায় ?

উত্তর : মক্কা মুকাররমায়।

প্রশ্ন : রাবেতা কার উদ্যোগে গঠিত হয় ?

উত্তর : সৌদি বাদশাহ্ ফায়সাল বিন আবদুল আযীযের উদ্যোগে।

প্রশ্ন : ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাষ্ট্র কয়টি ?

উত্তর : ২৮টি।

প্রশ্ন : ইউরোপীয় ইউনিয়নের একক মুদ্রার নাম কী ?

উত্তর : ইউরো।

প্রশ্ন : কমনওয়লথ কী?

উত্তর : সাবেক ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত স্বাধীন এবং আশ্রিত দেশসমূহ নিয়ে গঠিত সংগঠন।



www.pathagar.org

# সপ্তম অধ্যায়
# জেনে রাখা ভাল

## প্রথম পরিচ্ছেদ
## শব্দ সংক্ষেপ
## ABBREVIATIONS

| | | |
|---|---|---|
| ABB | : | Arab Bangladesh Bank (আরব বাংলাদেশ ব্যাংক) |
| ADB | : | Asian Development Bank (এশীয় উন্নয়ন ব্যাংক) |
| AG | : | Accountant General (মহা হিসাব রক্ষক) |
| AIT | : | Agro Industrial Trust |
| BA | : | Bachelor of Arts (কলা বিভাগে স্নাতক) |
| BADC | : | Bangladesh Agricultural Development Corporation (বাংলাদেশ কৃষি উন্নয়ন সংস্থা) |
| BB | : | Bangladesh Biman (বাংলাদেশ বিমান) |
| BBC | : | British Broadcasting Corporation (যুক্তরাজ্যের বেতার কেন্দ্র) |
| BIC | : | Bangladesh Islamic Centre |
| BRTC | : | Bangladesh Road Transport Corporation (বাংলাদেশ সড়ক পরিবহণ সংস্থা) |
| BJMC | : | Bangladesh Jute Marketing Corporation (বাংলাদেশ জুট মার্কেটিং কর্পোরেশন) |
| BIWTA | : | Bangladesh Inland Water Transport Authority (বাংলাদেশ আভ্যন্তরীণ জল পরিবহন কর্তৃপক্ষ) |
| BR | : | Bangladesh Railway (বাংলাদেশ রেলওয়ে) |
| BCom | : | Bachelor of Commerce (বাণিজ্যে স্নাতক) |
| BSc | : | Bachelor of Science (বিজ্ঞানে স্নাতক) |
| BEd | : | Bachelor of Education (শিক্ষায় স্নাতক) |
| CA | : | Chartered Accountant (চার্টার্ড একাউনট্যান্ট) |
| CIA | : | Central Intelligence Agency (যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা) |
| DC | : | Deputy Commissioner (জেলার প্রধান প্রশাসক) |
| DG | : | Director General (মহাপরিচালক) |
| DIG | : | Deputy Inspector General (উপ মহা পরিদর্শক পুলিশ) |



www.pathagar.org

DMCH : Dhaka Medical College Hospital (ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল)

DSP : Deputy Superintendent of Police (ডেপুটি সুপারিনটেনডেন্ট অব পুলিশ)

ENA : Eastern News Agency (ইষ্টার্ন নিউজ এজেন্সি)

FIFA : Federation of International Football Association (আন্তর্জাতিক ফুটবল সংস্থা)

FIST : Federation of Islamic Societies & Trusts.

FDC : Film Development Corporation (চলচ্চিত্র উন্নয়ন সংস্থা)

GOC : General Officer Commanding (জেনারেল অফিসার কমান্ডিং)

GPO : General Post Office (প্রধান ডাকঘর)

HSC : Higher Secondary Certificate (উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট)

ILO : International Labour Organisation (আন্তর্জাতিক শ্রম সংস্থা)

IDB : Islamic Development Bank (ইসলামী উন্নয়ন ব্যাংক)

ICC : International Cricket Committee (আন্তর্জাতিক ক্রিকেট কমিটি)

IG : Inspector General (Police) (মহাপরিদর্শক (পুলিশ)

IES : Islamic Education Society

KG : Kilogram (কিলোগ্রাম)

KG : Kinder Garten (কিন্ডারগার্টেন)

KM : Kilometer (কিলোমিটার)

KW : Kilowatt (কিলোওয়াট)

LBW : Leg Before Wicket (লেগ বিফোর উইকেট)

MCC : Marylebone Cricket Club (যুক্তরাজ্যের জাতীয় ক্রিকেট দল)

MP : Member of Parliament (সংসদ সদস্য)

MA : Master of Arts (কলা বিভাগে স্নাতকোত্তর)

MO : Money order (মানি অর্ডার)

M.Ed. : Master of Education (শিক্ষায় স্নাতকোত্তর)

M.Sc. : Master of Science (বিজ্ঞানে স্নাতকোত্তর)

TMO : Telegram Money Order (টেলিগ্রাম মনি অর্ডার)

TTC : Technical Training Centre (কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র)

UK : United Kingdom (যুক্তরাজ্য বা বৃটেন)

USA : United States of America (মার্কিন যুক্তরাষ্ট্র)

USSR : Union of Soviet Socialist Republic (সোভিয়েত ইউনিয়ন)



www.pathagar.org

UNO : United Nations Organization (জাতিসংঘ)

UNESCO: United Nations Educational, Scientific and Cultural Organization (জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান এবং সাংস্কৃতিক সংস্থা)

UAE : United Arab Emirate (সংযুক্ত আরব আমিরাত)

UAR : United Arab Republic (সংযুক্ত আরব প্রজাতন্ত্র)

UNDP : United Nations Development Programme (জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি)

UNICEF: United Nations International Children's Emergency Fund (জাতিসংঘের আন্তর্জাতিক জরুরী শিশু তহবিল)

VC : Vice Chancellor (বিশ্ববিদ্যালয়ের উপাচার্য)

VPP : Value Payable Parcel (যে পার্শেল টাকা দিয়ে ছাড়াতে হয়)

VIP : Very Important Person (অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সম্মানিত ব্যক্তি)

VOA : Voice of America (আমেরিকার বেতার কেন্দ্র)

WASA : Water Supply and Sewerage Authrority (পানীয় জল ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ)

WAPDA: Water and Power Development Authority (পানি ও বিদ্যুৎ উন্নয়ন কর্তৃপক্ষ)

WHO : World Health Organization (বিশ্ব স্বাস্থ্য সংস্থা)

WDB : Water Development Board (পানি উন্নয়ন বোর্ড)

WCC : World Cup Cricket (বিশ্বকাপ ক্রিকেট)

NATO : North Atlantic Treaty Organization (উত্তর আটলান্টিক চুক্তি সংস্থা)

OK : All Correct (ঠিক আছে)

OC : Officer in Charge (ভারপ্রাপ্ত কর্মকর্তা)

OIC : Organization of the Islamic Co operation (ইসলামী সহযোগিতা সংস্থা)

OPEC : Organization of Petroleum Exporting Countries (আন্তর্জাতিক তৈল রফতানী সংস্থা)

PTO : Please Turn Over (অনুগ্রহপূর্বক পরবর্তী পৃষ্ঠায় দেখুন)

PA : Personal Assistant (ব্যক্তিগত সহকারী)

D,Phill : Doctor of Philosophy (ডক্টর অফ ফিলোসফি)

PIA : Pakistan International Airline (পাকিস্তানের জাতীয় বিমান চলাচল সংস্থা)



www.pathagar.org

| | | |
|---|---|---|
| PLO | : | Palestine Liberation Organization (ফিলিস্তিন মুক্তি সংস্থা) |
| PTI | : | Press Trust of India (ভারতীয় সংবাদ সংস্থা) |
| PWD | : | Public Works Department (গণপূর্ত অধিদপ্তর) |
| PSC | : | Public Service Commission (পাবলিক সার্ভিস কমিশন) |
| RMS | : | Railway Mail Service (রেলওয়ে ডাক বিভাগ) |
| SP | : | Superintendent of Police (জেলা পর্যায়ের পুলিশ কর্মকর্তা) |
| SSC | : | Secondary School Certificate (মাধ্যমিক পরীক্ষায় প্রমাণ পত্র) |
| STD | : | Subscriber's Trunk Dialing (গ্রাহকের দূর পাল্লার টেলিফোন সংযোগ) |
| TV | : | Television (টেলিভিশন) |
| TSC | : | Teacher Student Centre (ছাত্র-শিক্ষক মিলনায়তন) |
| TB | : | Tuberculosis Bacillus (যক্ষা রোগ) |
| TA | : | Travelling Allowance (ভ্রমণ ভাতা) |

## সংক্ষেপিত বাংলা শব্দ

| | | | |
|---|---|---|---|
| ১। | বা স স | ----------- | বাংলাদেশ সংবাদ সংস্থা |
| ২। | বা ফু ফে | ----------- | বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| ৩। | জা স | ----------- | জাতিসংঘ |
| ৪। | বি কে এস পি | ----------- | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান |
| ৫। | রা জ উ ক | ----------- | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৬। | চ উ ক | ----------- | চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৭। | স ও জ | ----------- | সড়ক ও জনপদ |
| ৮। | বা উ বি | ----------- | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় |
| ৯। | বা স প | ----------- | বাংলাদেশ সংবাদপত্র পরিষদ |
| ১০। | সা স | ----------- | সাহায্য সংস্থা |
| ১১। | ই ফা বা | ----------- | ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ |
| ১২। | আ ধু নি ক | ----------- | আমরা ধুমপান নিবারণ করি |

- সমাপ্ত -



www.pathagar.org

সাধারণ জ্ঞান সিরিজ ৩

ছোটদের

# সাধারণ জ্ঞান

